The Most Circulated Bongali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 851 | 03 January 2025 | শুক্রবার ১৯ পৌষ ১৪৩১



Trump Is Already Rattling the Stock Market. Buckle Up
>> Page 18



Remittance inflow reaches $13.77b in July-December
>> Page 18



NYC transit and transportation: 2025 projects and fare increases
>> Page 18



Dighi to play lead in Tagore's 'Dena Paona'
>> Page 19

# ব্যাপক বিতর্কের মুখে নিউইয়র্ক বইমেলা

আজকাল রিপোর্ট

নিউইয়র্কে মুক্তধারার বইমেলা নিয়ে এবার শুরু হয়েছে ব্যাপক বিতর্ক। জুলাই-আগস্টের ছাত্রজনতার অভ্যুত্থানকে সর্মথন এবং বিরোধিতাকে কেন্দ্র করে এই প্রবাসে বুদ্ধিজীবীদের মধ্যে যে বিভাজন ও বিতর্কের সৃষ্টি হয়েছে তারই প্রতিফলন লক্ষ্য করা যাচ্ছে বইমেলাকে নিয়ে। আওয়ামী লীগ সমর্থকরা গন অভ্যুত্থানকে সর্মথনকারীদের জামায়াত ও রাজাকার হিসেবে অভিহিত করছেন। তারা বইমেলাকে এদের থেকে মুক্ত রাখার দাবি তুলেছেন। অন্যরা বলছেন, বইমেলা রাজনীতির স্থান নয়। ফ্যাসিবাদের দোসররা বইমেলাকে দলীয় আখড়ায় পরিণত করতে চাইছে। এমন হলে পাল্টা বইমেলারও আয়োজন হতে পারে। এই বিতর্কে ঝাঁপিয়ে পড়েছেন প্রবাসেরই কবি, সাহিত্যিক, সাংস্কৃতিক কর্মি ও সাংবাদিকদের কেউ কেউ। বিতর্ক সোশ্যাল মিডিয়া থেকে চায়ের টেবিল ও কবি সাহিত্যিকদের আড্ডাকে ঝড় তুলছে। বিভাজিত রাজনীতির মোড়কে শাড়ির আঁচলে বেধে যাচ্ছে বইমেলা। কে কাকে রুখবেন? কে কাকে বয়কট করবেন? বইমেলাতেও মুখোমুখি দাঁড় করানো হয়েছে ২৪'র ছাত্রজনতার আন্দোলন বনাম একাত্তর ও বঙ্গবন্ধুর চেতনা। কমিউিনিটিতে সুপরিচিত ও শ্রদ্ধাভাজন মনজুর আহমদ, হাসান ফেরদৌস ও ড.আবেদীন কাদেরের মতো গুণীজনদের নাম ধরে তাদেরকে বয়কটের হুমকি দেয়া হচ্ছে। চেতনার দোহাই দিয়ে ফ্যাসিবাদের ন্যায় আস্ফালন করা হচ্ছে। অথচ যারা এই কাজটি করছেন তারাও কমিউনিটির সিনিয়র ও সম্মানিত ব্যক্তি। ২৪'র আন্দোলনে সর্মথনকারিদের বলা হচ্ছে রাজাকার। তাদের প্রতিরোধ করার আহবান জানানো হচ্ছে। অপর পক্ষে বলা হচ্ছে, ফ্যাসিবাদের সর্মথনকারিরাই ২৪'র রাজাকার। বিতর্কে এরপর ৪০ পৃষ্ঠায়

বইমেলার ৩৪ বছর

৭১'র চেতনাতেই মেলা অনুষ্ঠিত হবে: ড. নবী

মেলা সবার জন্য উন্মুক্ত: ডা. জিয়া



## নতুন বছরে বাংলাদেশের যত চ্যালেঞ্জ

আজকাল রিপোর্ট

শেষ হয়ে যাওয়া ২০২৪ এ বছর জুড়ে ঘটে যাওয়া ঘটনাগুলোর রেশ নিয়েই নতুন বছরে পা দিয়েছে বাংলাদেশ। বিগত বছরে যেমন নানামুখী চ্যালেঞ্জ আর অভূতপূর্ব ঘটনাবলীর মধ্য দিয়ে গেছে বাংলাদেশ। নতুন বছরেও রাজনীতি, নির্বাচন আর অর্থনীতিতে চ্যালেঞ্জ থাকবে।
এ বছরেই ঘোষণা হতে পারে পরবর্তী নির্বাচনের এরপর ৪০ পৃষ্ঠায়

## বিএনপি-জামায়াতের মধুচন্দ্রিমার অবসান!



মাসুদ করিম, *ঢাকা থেকে*

হানিমুনের পালা শেষ। বিএনপি-জামায়াতের ঐক্যে ফাটল ধরেছে। বিচ্ছেদের সুরও স্পষ্ট। শেখ হাসিনার সরকারের বিরুদ্ধে জোটবদ্ধভাবে আন্দোলন করেছে দল দু'টি। অতীতে একত্রে সরকারও গঠন করেছিলো। কিন্তু এখন পরস্পরের বিরুদ্ধে অভিযোগ ও পাল্টা অভিযোগ করছে। এতে করে বিভেদের বিষয়টি স্পষ্ট হয়ে উঠেছে। ফলে আগামী নির্বাচন ঘিরে একটা নতুন মেরুকরণের আভাসই দিনে দিনে উঁকি দিচ্ছে। বিএনপি এবং জামায়াত আলাদাভাবে জোট করে ভোটে অংশ নেবার সম্ভাবনা কেউ উড়িয়ে দিচ্ছে না। বিএনপি ও জামায়াত পরস্পরের বিরুদ্ধে চাঁদাবাজির অভিযোগ তুলছে। জামায়াতে ইসলামীর তরফে বিএনপি'র প্রতি ইঙ্গিত করে প্রায়শই বলা হচ্ছে যে, আওয়ামী লীগের চাঁদাবাজরা বিদায় নিলেও একই কায়দায় এরপর ৫০ পৃষ্ঠায়



## কাজী নজরুল ইসলামকে জাতীয় কবি ঘোষণা

আজকাল রিপোর্ট

বাংলাদেশের জাতীয় কবি হিসেবে রাষ্ট্রীয় স্বীকৃতি পেলেন কাজী নজরুল ইসলাম। ১৯৭২ সালের ৪ মে বাংলাদেশে আসার তারিখ থেকে তাঁকে বাংলাদেশের 'জাতীয় কবি' ঘোষণা করে গেজেট প্রজ্ঞাপন প্রকাশ করা হয়েছে। এরপর ৪০ পৃষ্ঠায়

## কবর কেনা নিয়ে লুকোচুরি!

আবু সাইম

নিউইয়র্কে বাংলাদেশের বিজয় দিবসের দিন অত্যন্ত জাকজমকপূর্ণ অনুষ্ঠানের মধ্যদিয়ে দায়িত্ব গ্রহণ করে প্রবাসে বাংলাদেশিদের 'মাদার সংগঠন' বাংলাদেশ সোসাইটির নতুন কমিটি। তবে অভিষেকের উজ্জ্বল আলোকচ্ছটার নিচেই ঠিক অনেকটা অন্ধকারাচ্ছন্ন কাণ্ড ঘটিয়েছে সোসাইটির বিদায়ী কমিটির শীর্ষ ব্যক্তিরা। নতুন কমিটি, বিদায়ী কমিটির সব সদস্য, এমনকি ট্রাস্টি বোর্ডকে না জানিয়ে সোসাইটির একাউন্ট থেকে নেয়া হয়েছে আড়াই লাখ ডলারের বেশি অর্থ। যা অপর একটি সমিতি থেকে কবর কেনার মূল্য পরিশোধ করা হয়েছে। যে কবর তৈরির প্রকল্পের দায়িত্বে ছিলেন সদ্য সমাপ্ত সোসাইটির নির্বাচনে পরাজিত সাধারণ সম্পাদক প্রার্থী নিজেই। যা নিয়ে এখন ক্ষুব্ধ সমিতির নতুন কমিটি ও কমিউনিটির নেতৃবৃন্দসহ সাধারণ বাংলাদেশিরা।
তারা এখন বলছেন, কবর কেনার মতো এতো বড় একটি বিষয় নিয়ে লুকোচুরি ও অন্ধকার খেলা ঠিক হয়নি। তাছাড়া নির্বাচনের ঢাকঢোলের মধ্যেই এমন সিদ্ধান্ত নেয়া সমীচিন নয়। সোসাইটির কোষাগারের তিনভাগের দুই ভাগ অর্থ চলে যাবে আর নির্বাচিত নতুন কমিটি তা জানবে না এটা এক ধরনের অন্যায়। এটাতো বাংলাদেশের মতোই হলো। অভিযোগ আছে- নোয়াখালী প্রবাসী সোসাইটির একজন শীর্ষ কর্মকর্তা ও দুইজন ট্রাস্টি এবং সাধারণ সম্পাদক প্রার্থী মিলেই এ কেনাকাটা ইতোমধ্যে সম্পন্ন করেছেন।
এ বিষয়ে যোগাযোগ করা হলে বাংলাদেশ সোসাইটির সাবেক সভাপতি মো. আব্দুর রব মিয়া দাবি করেন বলেন, সোসাইটির প্রয়োজনে কবর কেনা হয়েছে। এতে এরপর ৫০ পৃষ্ঠায়

বাংলাদেশ সোসাইটি

Bangladesh Society Inc
বাংলাদেশ সোসাইটি ইনক

* মেয়াদের শেষ দিনে আড়াই লাখ ডলার পরিশোধ
* মানা হয়নি গঠনতন্ত্র, জানে না ট্রাস্টি বোর্ডও
* সোসাইটির টাকায় ব্যক্তিগত কবর কেনার অভিযোগ

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ১টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $14.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar
NMLS ID 1312055

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন,নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্ত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
▪ TAX Liens Charge Offs ▪ Inquiries ▪ Collections ▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem, Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কন্সট্রাকশন কাজে দুর্ঘটনা, গাড়ী/বিল্ডিং এ দুর্ঘটনা
হাসপাতালে বিকলাঙ্গ শিশুর জন্য, ফেডারেল ডিসএবিলিটি
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ 917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury, Attorney at Law

ইন্স্যুরেন্স! ইন্স্যুরেন্স!!
আমরা ফ্রি কোটেশনের ব্যবস্থা করে থাকি।
সবধরণের গাড়ি, বাড়ি এবং ব্যবসায়িক ইন্স্যুরেন্সসহ
Taxi Limousine Insurance Expert!
212-721-0001
RAJIB AHMED, President & CEO
32-47 57th STREET, WOODSIDE, NY 11377
www.megainsurance.nyc
MEGA insurance BROKERAGE

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স | পেরোল | বিজনেস সেটআপ | ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
Mohammed Hasem, EA, MBA
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেল্থ কেয়ার এজেন্সী
হোম কেয়ার
PCA & CDPAP SERVICE
সর্বোচ্চ পেমেন্টের নিশ্চয়তা
Please Contact
Shah Nawaz MBA
President & CEO
646-591-8396
Email: info@goldenagehomecare.com | www.goldenagehomecare.com


NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR ADULT DAY CARE
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
Health Insurance for New Yorkers
CenterLight Health System
Anthem.
Hamaspik
MANAGED CARE
MetroPlusHealth
S W H
Senior Whole Health.
সর্বোচ্চ সেবার নিশ্চয়তা
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
Shah M. Nawaz MBA
President & CEO
646-591-8396
CALL US NOW:
718-516-3425
A CONCERN OF SHAH NAWAZ GROUP
SNG SHAH NAWAZ GROUP
CONTACT US:
Off: 718-516-3425
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
78-06 101 Ave, Suit C
Ozone Park, NY 11416




**টাউন হোম**
**TW-2275**
১,২৯৫ বর্গফুট জমি +
২,২৭৫ বর্গফুট ৩-তলা বাড়ী

মাত্র ৩১,৫২৫ US$
ডাউন পেমেন্ট দিয়ে জমির
সাফ-কবলা মালিকানা দলিল
বুঝে নিন, মাসিক কিস্তি মাত্র
৫০৯ US$, ৬০ মাস পর ভাড়া
দিয়ে কিস্তি পরিশোধ

**টেরেস হোম**
**TR-1900**
৯৯০ বর্গফুট জমি +
১,৯০০ বর্গফুট ৩-তলা বাড়ী

মাত্র ২৪,০৫৩ US$
ডাউন পেমেন্ট দিয়ে জমির
সাফ-কবলা মালিকানা দলিল
বুঝে নিন, মাসিক কিস্তি মাত্র
৩৮৮ US$, ৬০ মাস পর ভাড়া
দিয়ে কিস্তি পরিশোধ

**গার্ডেন হোম**
**RX-5 (I)**
৩,৬০০ বর্গফুট জমি +
৩,২৯২ বর্গফুট ৩-তলা বাড়ী

মাত্র ৭৮,৬৫০ US$
ডাউন পেমেন্ট দিয়ে জমির
সাফ-কবলা মালিকানা দলিল
বুঝে নিন, মাসিক কিস্তি মাত্র
১,২৭০ US$, ৬০ মাস পর ভাড়া
দিয়ে কিস্তি পরিশোধ

**৩১শে ডিসেম্বর ২০২৪** এর মধ্যে বুকিং দিলেই পাচ্ছেন বিশেষ ছাড়! সেই সাথে
সর্বনিম্ন **২৪,০৫৩ US$** ডাউনপেমেন্ট দিয়েই বুঝে নিন জমির সাফ-কবলা মালিকানা দলিল।

পরিবেশ ছাড়পত্র নং- পরিবেশ/ঢাবি/৯৫২৫/৪১০৮

**বিশেষ দ্রষ্টব্য:** এই অফারটি সীমিত সংখ্যক বাড়ী/লট এর জন্য "আগে আসলে আগে পাবেন" ভিত্তিতে প্রযোজ্য এবং জুলাই-আগষ্ট ২০২৪ বিপ্লবের অগ্রনায়ক, রেমিটেন্স যোদ্ধা প্রবাসীগন অগ্রাধিকার পাবেন।
- এই স্কিমের আওতায় সংশ্লিষ্ট ব্যাংকের নিকট গ্রাহকগনের দায় আনুপাতিক সম্পত্তি বন্ধকের ব্যবস্থা থাকবে।
- এই সুযোগটি গ্রহনের ক্ষেত্রে প্রত্যেক প্রবাসী ভাই-বোনকে যথাযথ ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে কোম্পানীর নির্দিষ্টব্যাংকে একাউন্টে বৈদেশিক মুদ্রায় অর্থ পাঠাতে হবে।

ব্যাংকিং পার্টনার ইসলামী ব্যাংক

Bangla Bosoti
বাংলা বসতি


Hotline +88 09644100800
For Details Please Call
+88 01321100800, +88 01708152444-9

Corporate Office: 49, Lake Circus, Kalabagan, Dhanmondi, Dhaka-1205, Sales Office: Axis Delvista (3rd Floor), 7/1, Mirpur Road, Mohammadpur, Dhaka-1207. E-mail : info@banglabosoti.com

# নতুন বছর ও বিশ্বরাজনীতি

ড. মঞ্জুরে খোদা

বছরের শুরুতে বিশ্বজুড়ে সরকারগুলোকে প্রধান যেসব প্রশ্নের মুখোমুখি হতে হবে সেগুলো হচ্ছে: অর্থনৈতিক, সামাজিক, নিরাপত্তা, পরিবেশগত ও প্রযুক্তিগত বিষয়ের চ্যালেঞ্জ তারা কীভাবে মোকাবিলা করবে। বিশ্বনেতারা বিভিন্ন ভূ-রাজনৈতিক চ্যালেঞ্জ কীভাবে মোকাবিলা করবেন, সেই প্রশ্ন গুরুত্বপূর্ণ। এই সমস্যাগুলো সমাধান করা কঠিন হবে। নেতাদের শুধু নির্দিষ্ট চ্যালেঞ্জ মোকাবিলা করার প্রয়োজন হবে না, এখন যে বিশ্ব আগ্রাসন এবং অর্থনৈতিক অনিশ্চয়তার সম্মুখীন হচ্ছে, তার জায়গায় শান্তি ও সমৃদ্ধির একটি বৈশ্বিক কাঠামো তৈরির জন্য পথ খুঁজে বের করতে হবে। সর্বোপরি বিশ্বযুদ্ধের ঝুঁকি, বিশ্বশান্তি ও নিরাপত্তার নীতিতে কিছু পরিবর্তন ঘটবে, নাকি অতীত ধারাবাহিকতারই পুনরাবৃত্তি ঘটবে নতুন বছরে-সেই প্রশ্ন গুরুত্বপূর্ণ



বিশ্বব্যাপী একধরনের পরিবর্তনের হাওয়া বইছে। ইউরোপ, আমেরিকা, এশিয়া, আফ্রিকার সর্বত্রই পরিবর্তন ঘটছে। ক্ষমতার পালাবদলের নানামাত্রিক পরিবর্তন ঘটছে, কোথাও নিয়মতান্ত্রিক, কোথাও বিপ্লব-বিদ্রোহ, অভ্যুত্থান, যুদ্ধ-বিগ্রহের মাধ্যমে। এতে বিশ্বের কোথাও একধরনের স্থিতিশীলতা, অন্যদিকে অস্থিতিশীলতা তৈরি হয়েছে। ইউরোপের ফ্রান্স, ব্রিটেন, জার্মানিসহ অনেক দেশে পরিবর্তন ঘটেছে। এশিয়ার জাপান, কোরিয়া, ফিলিপাইন, শ্রীলঙ্কা, নেপাল, মালদ্বীপ, বাংলাদেশ, সিরিয়ায় পরিবর্তন ঘটেছে। ইসরায়েল-গাজাসহ মধ্যপ্রাচ্যের কয়েকটি অঞ্চলে যুদ্ধ চলমান। আফ্রিকার বিভিন্ন অঞ্চলেও ক্ষমতার পরিবর্তন হয়েছে।

১৯৯০ সালে সোভিয়েত ইউনিয়ন ভেঙে যাওয়ার পর এককেন্দ্রিক বিশ্বব্যবস্থা গড়ে ওঠে। দুই দশকের অধিককাল যুক্তরাষ্ট্রের নেতৃত্বে পশ্চিমা শক্তি বিশ্বরাজনীতি ও অর্থনীতিতে একচেটিয়া অধিকার ভোগ করে। এই সময়ে চীন বিশ্বের বৃহত্তম অর্থনৈতিক শক্তি হিসেবে সামনে চলে আসে। ২০১৪ সালে রাশিয়া ইউক্রেনের ক্রিমিয়া দখল করে নেওয়ার মাধ্যমে পরাশক্তি হিসেবে নিজেদের অস্তিত্বের পুনরায় জানান দেয়। আঞ্চলিক ও আন্তর্জাতিক রাজনীতিতেও তারা তাদের ভূমিকা বাড়াতে থাকে এবং সফলতাও পায়।

মার্কিন যুক্তরাষ্ট্র ও তার মিত্র শক্তি কর্তৃক ইরাক ও লিবিয়ায় আক্রমণ এবং আরব বসন্তের পর বিশ্বরাজনীতিতে ভিন্নমাত্রা তৈরি হয়। শাসকের পরিবর্তনের পর এইসব দেশে যে অস্থিতিশীলতা, নৈরাজ্য, ধ্বংসযজ্ঞ ও গৃহযুদ্ধ হয়, তা ছিল ভয়াবহ। মার্কিন ও পশ্চিমা শক্তি আফগানিস্তানে তালেবানদের বিরুদ্ধে দুই দশক লড়াই করে রণক্লান্ত হওয়ার পর সেখান থেকে বিতাড়িত হয়। সাম্রাজ্যবাদী ফ্রান্সকে আফ্রিকার বিভিন্ন অঞ্চল যেমন নাইজার, মালি, বুরকিনা ফাসো, চাদ বিপ্লব, বিদ্রোহ ও সরকার পরিবর্তনের পর তাদের হাত গুটিয়ে আসতে হয়। আফ্রিকার অন্যান্য অঞ্চলেও ফ্রান্সের পুতুল শাসকদের বিরুদ্ধে ক্রোধ-ক্ষোভ বাড়ছে।

ইউক্রেন-রাশিয়া, ইসরায়েল-ফিলিস্তিন যুদ্ধের অনেক দিন হয়ে গেলেও তা থামার লক্ষণ নেই। ট্রাম্প ক্ষমতা নেওয়ার পর হয়তো রাশিয়া-ইউক্রেনের মধ্যে একটা সমঝোতা হবে, কিন্তু তাতে বিশ্ব পরিস্থিতি শান্ত হয়ে যাবে-বিষয়টি এমন নয়। বিশ্ব জনমত ইসরায়েলের বিরুদ্ধে থাকলেও তারা গাজায় হামলা-আক্রমণ, হত্যা অব্যাহত রেখেছে। এই যুদ্ধ ক্রমেই মধ্যপ্রাচ্যে ছড়িয়ে পড়ার আশঙ্কা তৈরি হয়েছে। বাশার আল আসাদের পতনের পর সিরিয়ার বিদ্রোহী ইসলামি গোষ্ঠী ক্ষমতা দখল করেছে, যাদের সঙ্গে ইসরায়েল ও তুরস্কের ঘনিষ্ঠ যোগাযোগ আছে। ইসরায়েলের সঙ্গে আবার গাজা নিয়ে তুরস্কের বিরোধ বিদ্যমান। ইরান হচ্ছে হামাসের প্রধান সহায়ক শক্তি, সিরিয়ার আসাদ ছিল তার পক্ষের লোক। আসাদের পতনে মধ্যপ্রাচ্যে ভূ-রাজনীতিতে তৈরি করবে নতুন সমীকরণ, ইসরায়েলকে করবে আরও বেপরোয়া। ইসরায়েলের সামরিক ও ভূ-রাজনৈতিক প্রভাব খর্ব করতে ইরানের যে প্রচেষ্টা ছিল, সে ক্ষেত্রে তারা মিত্রহীন হলো। রুশ সমর্থিত পতিত বাশার আল আসাদের পতন মধ্যপ্রাচ্যে মার্কিন-ইসরায়েল প্রভাব আরও বাড়াবে।



মার্কিন ও পশ্চিমা শক্তি যেমন তাদের প্রভাব বৃদ্ধির চেষ্টায় বেপরোয়া, তেমনি চীন-রাশিয়াও সেই দৌড়ে পিছিয়ে নেই। তারাও তাদের প্রভাববলয় বৃদ্ধির চেষ্টা করছে। ব্রিকস গঠন ও কার্যক্রমের মাধ্যমে তারা ইতিমধ্যে পশ্চিমা শক্তিকে সেই বার্তা দিয়েছে। তারা ডলারের বিকল্প হিসেবে বহুমুখী মুদ্রাব্যবস্থা নিয়ে কাজ করছে। তারা ইতিমধ্যে নিজ দেশের মুদ্রায় ব্যবসা-বাণিজ্য করছে এবং তার গতি বৃদ্ধি পাচ্ছে। রাশিয়ার ইউক্রেন আক্রমণের পর মার্কিন ও পশ্চিমা শক্তি তাদের বিরুদ্ধে যে নজিরবিহীন বাণিজ্যিক ও অর্থনৈতিক অবরোধ দিয়ে রেখেছে, রাশিয়া তার বিকল্প হিসেবে বিভিন্ন দেশের সঙ্গে নিজস্ব মুদ্রায় ব্যবসা করে পুষিয়ে নিয়েছে। রাশিয়াকে বিপদে ফেলা ও অর্থনৈতিকভাবে পঙ্গু করার যে পরিকল্পনা পশ্চিমা শক্তি করেছিল, তা কার্যকর হয়নি। শুধু রাশিয়ার ক্ষেত্রে নয়, কয়েক দশক ধরে কিউবা, উত্তর কোরিয়া ও ইরানের ওপর যে অবরোধ আরোপ করা হয়েছে, তাকে অবজ্ঞা করেই তারা টিকে আছে ও এগিয়ে যাচ্ছে।

ইউরোপ-আমেরিকার শাসনকাঠামোতেও পরিবর্তনের হাওয়া বইছে ও অস্থিরতা চলছে। যুক্তরাজ্য, জার্মানি, ফ্রান্স, ইতালিতেও ক্ষমতার পরিবর্তন হয়েছে। ইউরোপের রাজনীতির প্রধান ইস্যু হয়ে উঠেছে ইউক্রেন যুদ্ধ, অভিবাসন, দ্রব্যমূল্য, বেকারত্ব, অর্থনৈতিক সংকট, পরিবেশ। ইউরোপীয় ইউনিয়ন থেকে যুক্তরাজ্য বেরিয়ে আসার মাধ্যমে এই বলয়ে বিরোধ স্পষ্ট হয়ে উঠেছে।

দক্ষিণ-পূর্ব এশিয়ায় ভারতের প্রভাব খর্ব হয়ে চীনের প্রভাব বৃদ্ধি পেয়েছে। শ্রীলঙ্কা, মালদ্বীপ, নেপাল, ভুটানে চীনপন্থী সরকার ক্ষমতায়। বাংলাদেশ, পাকিস্তানে অস্থিতিশীলতা, অনিশ্চয়তা বাড়ছে। সেটি হয়েছেও সুষ্ঠু নির্বাচনের অভাবে। পাকিস্তানে নানা কৌশল ও ষড়যন্ত্রের মাধ্যমে ইমরান খানের দল পিটিআইকে নির্বাচনের অযোগ্য করে বাইরে রাখা হয়েছিল। ইমরানকে কারাবন্দী করা হলে তাঁর দল স্বতন্ত্র নির্বাচন করে সংখ্যাগরিষ্ঠ আসন পেয়েও ক্ষমতায় যেতে পারেনি। পরিণতিতে পাকিস্তানে অস্থিতিশীল রাজনৈতিক পরিস্থিতি বিরাজমান। বাংলাদেশে স্বৈরাচারী ও কর্তৃত্ববাদী শেখ হাসিনা তৃতীয়বারের মতো এরপর ৪২ পৃষ্ঠায়






কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস
ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র
সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



# এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

**917-282-9256**

Moin Choudhury, Esq

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

## এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
**Immigration**



Moin Choudhury
Attorney at Law

(To Schedule Appointment Only)

**Call:917-282-9256**

E-mail: moinlaw@gmail.com

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত




KARNAFULLY
TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc
Approved

# কর্ণফুলি ট্রাভেল

আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**


371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**

# বইমেলার অর্থনীতি

সেলিম জাহান



প্রতিবছরের শুরুতে সারা দেশে বসে বইমেলা। রাজধানী ঢাকা শহরে ফেব্রুয়ারি মাসে হয় মাসব্যাপী বইমেলা। এ ছাড়া জেলা-উপজেলা শহরগুলোতেও এ সময়ে বইমেলার হিড়িক পড়ে। মেলা উপলক্ষে নির্ধারিত এলাকা অপূর্ব সাজে সেজে ওঠে। প্রকাশকেরা তাঁদের স্টল সাজান নিজস্ব পছন্দমতো। এর বাইরে বইমেলাকে কেন্দ্র করে অন্যান্য ব্যবসা-বাণিজ্যেরও প্রসার ঘটে। এই যেমন খাবারের দোকান, নানা শিল্পসামগ্রীর বিপণি। দলে দলে মানুষ বন্ধুবান্ধব, পরিবার-পরিজন নিয়ে মেলায় আসেন। সাংবাদিক-কবি-সাহিত্যিক-লেখকেরা আসেন। পত্রিকা, রেডিও-টেলিভিশনের সংবাদ প্রতিনিধিরা আসেন সংবাদ সংগ্রহ ও সম্প্রচারের জন্য। বই দেখা হয় নেড়েচেড়ে, ওলটানো হয় বইয়ের পাতা, বই কেনাবেচার ধুম পড়ে যায়। চারদিকে উৎসবের সমাবেশ, একটা আনন্দের আবহ।

বইমেলাকে আমার মনে হয় এটা বহুমাত্রিক কর্মপ্রবাহ। প্রথমত, এটি একটি মিলনমেলা; বই মাত্র উপলক্ষ। আসলে এ মেলা একটা সুযোগ তৈরি করে দেয়, একটা আধার হয়ে দাঁড়ায় মিলিত হওয়ার, দেখা-সাক্ষাতের, আড্ডা আর আলাপচারিতার। ব্যস্ততার এই শহরে, যাপিত নাগরিক জীবনের নানান টানাপোড়েনে আমাদের সময়ই হয় না প্রিয়জনদের সঙ্গে দেখা করার, বন্ধুদের সঙ্গে আড্ডা দেওয়ার। বইমেলা দুদণ্ড সময় বের করে দেয়, একটা ক্ষেত্র তৈরি করে দেয় সেই সব প্রশ্ন শুধানোর-'এত দিন কোথায় ছিলেন?', কিংবা 'বন্ধু, আছো তো ভালো?'; দ্বিতীয়ত, বইমেলা একটা সংযোগ তৈরি করে দেয় লেখকে-পাঠকে, লেখকে-লেখকে, পাঠকে-পাঠকে, প্রকাশক-লেখকে, প্রকাশক-প্রকাশকে। সেই প্রক্রিয়ায় ঋদ্ধ হন পাঠক, উদ্বুদ্ধ হন লেখক, নতুন ধ্যান-ধারণা পেয়ে যান প্রকাশক। ফলে বুদ্ধি ও মননের নানান দিগন্ত খুলে যায়।

কিন্তু এসব ব্যক্তিগত ও সামাজিক বলয় ছাড়িয়ে বইমেলাগুলোর একটা অর্থনৈতিক মাত্রিকতাও তো আছে। ঢাকায় গত বইমেলায় ৬০ কোটি টাকার বই বিক্রি হয়েছিল। আগের বছর, অর্থাৎ ২০২৩ সালে বিক্রি হয়েছিল ৪৭ কোটি টাকার বই। কিন্তু বইমেলার অর্থনীতি শুধু বই বিক্রির মধ্যে সীমাবদ্ধ থাকে না, সে অর্থনীতির নানান দিক আছে। বইমেলা শুরু হওয়ার আগে নানান ধাপ আছে এবং সেসব ধাপের পরতে পরতে জড়িয়ে আছে নানান অর্থনৈতিক কারবার।



বই প্রকাশ দিয়েই শুরু করা যাক। লেখক বই লিখে প্রকাশককে দিলেই প্রাথমিক একটা লেনদেন হয়। তারপর অবশ্য বইমেলা শেষে কিংবা বছরের শেষে লেখকের সম্মানী আসে 'রয়্যালটি' হিসেবে। পাণ্ডুলিপিপ্রাপ্তির পর শুরু হয় সম্পাদনার কাজ, প্রচ্ছদের কাজ, কম্পিউটারের কাজ-তিনটি কাজেই সম্মানীর ব্যাপার আছে। তারপর শুরু হয়ে যায় প্রকাশনার দক্ষযজ্ঞ। ব্যস্ত হয়ে পড়ে ছাপাখানাগুলো, দিনরাত সেখানে কাজ চলে। সে প্রক্রিয়ায় খরচ আছে কাগজের, ছাপাখানাকর্মীদের মজুরির। চাপের মুখে যখন প্রকাশনা-অঙ্গীকার রাখতে হয়, তখন ছাপাখানাকর্মীদের বাড়তি মজুরি দিতে হয়। সারা বছরে সেটাই হয়তো তাঁদের অতিরিক্ত একটি আয়। গত কয়েক বছরে কাগজের মূল্যবৃদ্ধি পুস্তক প্রকাশনায় অর্থনীতির একটি উল্লেখযোগ্য অংশ হয়ে উঠেছে। সেই সঙ্গে পুস্তক বাঁধাইয়ের খরচও নিতান্ত ফেলনা নয়। বই যত সুশোভন হবে, ততই বাঁধাই খরচও বাড়বে।

মেলার শুরুতে এবং তার পরেও মেলা প্রাঙ্গণে পুস্তক পরিবহনের একটি ব্যয় আছে। আবার মেলা উপলক্ষে পরিবহনকর্মীদের জন্য সেটা সারা বছরের একটা বিশেষ আয়।

মেলা প্রাঙ্গণ সাজানো এবং বইয়ের স্টল তৈরি নিয়ে একটা বড় অর্থনীতি কাজ করে। স্টল বানানো এবং সেটাকে সাজানোর ক্ষেত্রে শিল্পী, স্থপতি ও মিস্ত্রিদের একটা ভূমিকা আছে। খরচ আছে নকশার, সাজসরঞ্জাম, মালমসলার এবং সম্মানী ও মজুরির। বহু ক্ষেত্রেই শিল্পী ও স্থপতিদের সম্মানী নির্ভর করে কাকে কাজে লাগানো হচ্ছে তার ওপর। বড় প্রকাশনা সংস্থাগুলো যেমন খ্যাতিমান শিল্পী ও স্থপতিদের নিযুক্ত করতে পারে, তেমনি ছোট ছোট সংস্থাগুলো সেটা করতে পারে না। মেলা প্রাঙ্গণে নানান অবকাঠামো সুবিধা এবং সেবার জন্যও মেলা উদ্যোক্তাদের অর্থ ব্যয় করতে হয়। এসব সুবিধার মধ্যে আছে মানুষের চলাচলের জন্য অস্থায়ী রাস্তা নির্মাণ, পানীয় জলের সুবিধা, মেলার নানান জায়গায় বসার ব্যবস্থা এবং বর্জ্য ফেলার কাঠামো গড়ে তোলা।

প্রকাশনা সংস্থাগুলোর স্টলে নিযুক্ত কর্মীদের মজুরি ব্যয় এ মেলার অর্থনীতির অংশ। প্রতিটি স্টলে পর্যাপ্তসংখ্যক কর্মী নিয়োগ দেওয়া হয়। বহু ক্ষেত্রেই প্রকাশনা সংস্থার স্থায়ী কর্মীদের পাশাপাশি অস্থায়ী কর্মী নিয়োগ দেওয়া হয় অতিরিক্ত কাজের কারণে। তাঁদের প্রশিক্ষণ এবং মজুরির জন্য অর্থ ব্যয় করতে হয়। বইমেলা উপলক্ষে বইয়ের স্টলগুলোকে আলোকসজ্জিত করা হয়, দীর্ঘক্ষণ সেসব বাতিকে জ্বালিয়ে রাখতে হয়। ফলে বিদ্যুতের খরচও হয় অনেক।

এরপর আসছে বইমেলার অর্থনীতির সেই উল্লেখযোগ্য বিষয়-বই বিক্রি। নতুন প্রকাশিত বই যেমন বিক্রি হয়, তেমনি বিক্রি হয় পূর্বপ্রকাশিত বইও। গত বইমেলায় মোট ৩ হাজার ৫২১টি নতুন প্রকাশিত বই এসেছিল, মেলায় দর্শনার্থী এসেছিলেন ৬০ লাখ। যেহেতু মেলার মোট ৬০ কোটি টাকার বই বিক্রি হয়েছিল; এরপর ৪২ পৃষ্ঠায়

> সুতরাং বোঝা যাচ্ছে যে প্রত্যেক দর্শনার্থী গড়ে ১০০ টাকার বই কিনেছেন। মেলায় বই বিক্রি যদি আরও ব্যাপ্ত হয়, সে ক্ষেত্রে বই বিক্রি আরও বাড়তে পারে, যা মেলার অর্থনীতিকে আরও সংহত করবে। মেলায় প্রকাশিত বইগুলোকে সংশ্লিষ্ট প্রকাশকেরা জেলা কিংবা উপজেলা শহরে চালান করেন, নানান পাঠাগারে পাঠান। কখনো কখনো ডাকযোগেও প্রকাশিত সেসব বই পাঠকদের কাছে পাঠাতে হয়, ক্ষেত্রবিশেষে দেশের বাইরেও যায় প্রকাশিত বই। একধরনের অর্থনীতি সেখানেও জন্মলাভ করে। সব মিলিয়ে বইমেলার চাকাকে সচল রাখতে একটি বহুমাত্রিক অর্থনীতি আছে। কিছু তার দৃশ্যমান, কিছু ঘটে দৃষ্টির আড়ালে। কিছু তার সরব, কিছু নীরব। তবে সবচেয়ে বড় কথা হচ্ছে, আমাদের দেশের বহু অর্থনৈতিক কর্মকাণ্ড এবং নানান মানুষের জীবন ও জীবিকা বইমেলার ওপর নির্ভর করে

# চব্বিশের পরিবর্তন এবং তার সুযোগ গ্রহণের প্রশ্ন

হাসান মামুন



২০২৪ সালটি চিহ্নিত হয়ে থাকবে ছাত্র-জনতার অভ্যুত্থানে স্বৈরাচারী হাসিনা সরকারের পতনের জন্য। সেনা অভ্যুত্থান ও রাজনৈতিক আন্দোলনে সরকারের পতন তো আরও কয়েকবার হয়েছে। মাঝে নব্বইয়ের 'গণ-আন্দোলনে' অবসান ঘটে সেনাশাসনের। তারপর আর সেনাশাসন না এলেও সেনাসমর্থিত তত্ত্বাবধায়ক সরকার এসেছিল। তাদের হাতে অনুষ্ঠিত নির্বাচনে ক্ষমতায় আসা হাসিনা সরকার একটি নজিরবিহীন স্বৈরশাসন কায়েম করবে, এটা কিন্তু কেউ চিন্তা করতে পারেনি। সরকারি চাকরিতে কোটার প্রশ্ন ঘিরে সৃষ্ট আন্দোলন শেষে গণ-অভ্যুত্থানে রূপ নিয়ে দ্রুতই এই সরকারের পতন ঘটাবে, এটাও ভেবে উঠতে পারেনি কেউ। সেটাই ঘটেছে চব্বিশের ৫ আগস্ট।

এর মধ্য দিয়ে তৃতীয়বারের মতো ভুয়া নির্বাচন করে ক্ষমতায় বসা গোটা সরকার ও তার সহযোগীদের পালিয়ে যাওয়ার নজির কমই পাওয়া যাবে। পুলিশও গিয়েছিল লাপাত্তা হয়ে। চাকরিতে ফিরে তারা এখনো প্রত্যয়ের সঙ্গে কাজ করতে পারছে না। নতুন ডিএমপি কমিশনার হালে বলেছেন, সরকার পতনের ৭২ ঘণ্টা আগেও 'সঠিক সিদ্ধান্ত' নিতে পারলে বেশ কিছু প্রাণহানি এড়ানো যেত। আন্দোলন চলাকালে এবং তা জয়যুক্ত হওয়ার পর পুলিশ হত্যার ঘটনাও কম ঘটেনি। থানা ও কারাগার আক্রান্ত হওয়ার সময় আগ্নেয়াস্ত্রও কম লুট হয়নি। ভালো যে, শেষ দিকে হলেও সেনাবাহিনী অবস্থান নেয় ছাত্র-জনতার পক্ষে। হাসিনা সরকারের সঙ্গে তার দল ও জোটের একান্ত অনুগতরা এবং বিশেষ করে পুলিশ শেষ পর্যন্ত ছিল পরিবর্তনকামী জনতার বিরুদ্ধে। এদের হাতে হাসিনার তারতে চলে যাওয়ার দিনও বহু আন্দোলনকারীর মৃত্যু ঘটে। 'আত্মরক্ষার্থেও' তারা গুলি চালায়। ডিএমপি কমিশনার ঠিকই বলেছেন, শেষ সময়েও সেনাবাহিনীর মতো করে সিদ্ধান্ত নিতে সমর্থ হলে তা এড়ানো যেত। তবে সেটা বোধ হয় অসম্ভব ছিল 'হাসিনা রেজিম' পুলিশের চরিত্র আমূল বদলে ফেলায়। শান্তিপূর্ণ আন্দোলন দমনেও আমরা তাই র‍্যাবের হেলিকপ্টার ব্যবহৃত হতে দেখলাম। এমন বেপরোয়া আচরণ তারা কোত্থেকে শিখেছিল, সেটাও খতিয়ে দেখার বিষয়। শেষতক অবশ্য তাদের যেতেই হয়েছে জবরদখল করা ক্ষমতা ছেড়ে। আর সে খবর প্রাপ্তির মুহূর্তটি ছিল অসাধারণ। বুলেটের সামনে বুক চিতিয়ে দাঁড়ানো আন্দোলনকারীদের দেখা গেল পিচঢালা রাজপথ চুম্বন করতে। কেউ কেউ দাঁড়িয়ে গেল মোনাজাতে। লাখ লাখ মানুষ গণভবন আর সংসদ ভবনে ঢুকে পড়ার ঘটনাও ছিল জনতার সুতীব্র আবেগের বহিঃপ্রকাশ।

প্রভাবশালী ব্রিটিশ ম্যাগাজিন 'দ্য ইকোনমিস্ট' বিশ্বে এর চেয়ে বড় কোনো পরিবর্তন দেখতে পায়নি ২০২৪-এ। বাংলাদেশে বহুল প্রতীক্ষিত 'রেজিম চেইঞ্জের' মাধ্যমে সম্ভাবনাময় ভবিষ্যতের দিকে যাত্রার চেয়ে তাৎপর্যপূর্ণ ঘটনা তারা খুঁজে পানি। হাসিনা-পরবর্তী সময়ে যা কিছু ঘটে চলেছে, তাতে প্রত্যাশিতভাবে পরিস্থিতির উন্নতি হচ্ছে কি না; দেশটি সঠিক পথে ধাবমান কি না-এসব প্রশ্নে পত্রিকাটির মূল্যায়নের সঙ্গে অবশ্য সবাই একমত হবেন না। তবে মানতে হবে, দেশে একটা 'পাটাতন পরিবর্তন' হয়েছে। প্রতিপক্ষ সবাইকে দমন-পীড়ন এবং বারবার তামাশার নির্বাচন করে যারা দেশটা দখলে নিয়েছিল, তারা আর নেই দৃশ্যপটে। স্তরে স্তরে সাজানো তাদের তল্পিবাহকেরাও উধাও। দেশের 'বুদ্ধিজীবী সম্প্রদায়ের' সিংহভাগটাও মাথা বিকিয়ে দিয়ে বসেছিল। পরিবর্তনের ধাক্কায় তারাও লাপাত্তা। মিডিয়ার পরিবর্তনও সবার চোখে পড়ছে। এ নিয়ে আবার ঘটে চলেছে নানা বিতর্কিত ঘটনা। তবে বলা যাবে না, এর সবই 'অপ্রত্যাশিত'। এমন ধারার পরিবর্তনের পর এসব ঘটে থাকে বৈকি। এগুলো নিয়ন্ত্রণের দায়িত্বে যাঁরা থাকেন, তাঁরাও হিমশিম খান 'ঘটনার ঘনঘটা' রোধে। শৃঙ্খলা ফেরানো ও ন্যায্যতা প্রতিষ্ঠার কাজ এ ক্ষেত্রে কঠিন হয়ে থাকে।

হাসিনা সরকার রাজনীতিতে এত দৃশ্যমান অনাচার করেছিল এবং শেষ দিকে আন্দোলন দমনে এমন খুনখারাবিতে নেমেছিল যে, অর্থনীতির কতটা সর্বনাশ তারা করে গেছে, সেটা খুব আলোচনায় আসছে না। ক্ষমতাচ্যুত সরকারের রেখে যাওয়া অর্থনীতির ওপর হালে যে 'শ্বেতপত্র' পেশ হয়েছে, তার কিছু বিবরণ লুণ্ঠনের পুরোনো গল্পগুলোকেও হার মানায়। বিস্ময় জাগায় এমনকি তাঁদের মনে, যাঁরা আর্থিক অপরাধ বিষয়ে দেশে-বিদেশে কাজ করে থাকেন। একই দিনে কোম্পানি খুলে সেদিনই প্রস্তাব পাঠিয়ে এবং তার পরদিনই বোর্ডে অনুমোদন করিয়ে বিপুল ব্যাংকঋণ হাতিয়ে নেওয়ার একটি ঘটনা সম্প্রতি প্রকাশ পেয়েছে, যার নেপথ্যে ছিলেন রাজধানীর একজন আলোচিত এমপি। ব্যাংক খাতে জনগণের আমানত লুণ্ঠনের এমন নজির অনেক। অথচ এসব ব্যাংক থেকে ৫-১০ লাখ টাকা ঋণ নিতে গিয়েও 'নিয়মবিধি' মানতে মানতে পেরেশান হতে হয়েছে ক্ষুদে উদ্যোক্তাদের। খোদ সরকারি পৃষ্ঠপোষকতায় ব্যাংকসহ বিভিন্ন খাতে এমন যা যা হয়েছে, সেগুলো বন্ধ করে এর বিপরীত সংস্কৃতি চালু করা তো মুখের কথা নয়। দুর্বৃত্ত ব্যবসায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে গেলে আবার বন্ধ হয়ে যাচ্ছে তাদের প্রতিষ্ঠান; বেকার হচ্ছে হাজার হাজার শ্রমিক। উচ্চ মূল্যস্ফীতির এই সময়ে নতুন এরপর ২৮ পৃষ্ঠায়



> এখানে আওয়ামীরা যখনই ক্ষমতায় গেছে, তারা নোংরা মানসিকতার ধারায় আমাকে অপবাদ দিয়ে জীবন থেকে অনেকগুলো বছর কেড়ে নিয়েছে। সর্বোচ্চ পর্যায়ে তাদেরই গোয়েন্দা অনুসন্ধান রিপোর্ট আমাকে চক্রান্তের শিকার অবিহিত করেছে। আমারই ছাত্রী গোয়েন্দা বিভাগের উর্ধ্বতন অফিসার বাইশ বছর আগে আমাকে রিপোর্ট পড়ে জানিয়েছিল। তাই তো বহু বছর ধরে পুলিশ ও সামরিক গোয়েন্দা বিভাগের আমার প্রাক্তন ছাত্রছাত্রীরা আমাকে সব সময় সাহস জুগিয়েছে, যেন আমি সত্যটা বলে যাই আর লিখে যাই। তারাই ছিল আমার শ্রেষ্ঠ উৎসাহদাতা। এখনো আমি এমনসব চিন্তার বাস্তব রণকৌশল নিয়ে ধারণা প্রকাশ করে ফেলি, যা আমি মনে করি, ভারতীয় নিয়ন্ত্রণ থেকে আমাদের নতুন পথের সন্ধান দেবে


বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার
সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি
৭৪৯+
JFK-Dhaka-JFK Return
আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত
Mohammad B Hossain (Belal)
President & CEO
স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০
ওমরাহ ভিসা - এয়ার টিকেট - হোটেল
DELTA AIR LINES
Biman BANGLADESH AIRLINES
AmericanAirlines
ETIHAD
Emirates
QATAR AIRWAYS
KUWAIT AIRWAYS
দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন
বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।
আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট
২৬ বছরের অভিজ্ঞ
কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট
১২ বছরের অভিজ্ঞ
কে.এম. শহিদ
ট্রাভেল কনসালটেন্ট
১৮ বছরের অভিজ্ঞ
মাহির
ট্রাভেল কনসালটেন্ট
৮ বছরের অভিজ্ঞ
জাহাঙ্গীর
ট্রাভেল কনসালটেন্ট
১০ বছরের অভিজ্ঞ
7305 37th Road, Jackson Heights, NY 11372
(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)
Phone: 917-396-4140, 917-592-7828
Price Can Be Change Anytime.
digitalonetravel@gmail.com
www.digitalonetravel.com
OPEN 7 DAYS: 11AM -10PM
*Terms & Condition may apply. See store for details.

www.careeracademyny.com

# CAREER ACADEMY OF NEW YORK



## BECOME A CERTIFIED HOME HEALTH AIDE TODAY!

HHA, PCA & PCA TO HHA CERTIFICATION COURSE

347-425-3878
CALL NOW

A CONCERN OF SHAH NAWAZ GROUP

SHAH NAWAZ GROUP

347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208

# Basement Environmental Health & Safety

আপনার বেসমেন্ট, গ্যারেজ, অ্যাটিক বা পিছনের উঠোনকে বৈধ করতে বিনামুল্যে NYC ADU অনুদানের অর্থ ব্যবহার করুন। (PlusOneADU@hpd.nyc.gov or 311).

DANGER

সাবধান- Do Not SLEEP in an Unhealthy Toxic Basement without a Safety Inspection

## Serious Health Hazards in your Basement

Various Health Issues, Chronic Respiratory illness, Cancer, Kidney, liver, Brain damage, Risk of Severe Mental Health Depression, and Central Nervous System even death. (অস্বাস্থ্যকর বেসমেন্টে দীর্ঘায়িত ঘুমের জন্য দায়ী। বিভিন্ন স্বাস্থ্য সমস্যা, দীর্ঘস্থায়ী শ্বাসযন্ত্রের রোগ, ক্যান্সার, কিডনি, লিভার, মস্তিষ্কের ক্ষতি, গুরুতর স্বাস্থ্যের অবনতি এবং কেন্দ্রীয় স্নায়ুতন্ত্রের ঝুঁকি, এমনকি মৃত্যু পর্যন্ত হতে পারে।)







Homeowners: Minimizing Liability and Preventing Legal Lawsuit (আবশ্যিক নিরাপত্তা পরিদর্শন: দায়বদ্ধতা কমানো এবং আইনি মামলা প্রতিরোধ).

- Indoor Air Quality- Lead-Based Paint Check, Radon Gas, and other Toxicity Inspections. বাড়ির মালিকদের অবশ্যই এই ধরনের পরিদর্শনের ব্যবস্থা করতে হবে এবং তাদের অবশ্যই সংশোধন করতে হবে। অস্বাস্থ্যকর বেসমেন্ট থেকে, ভাড়া আদায় নিষিদ্ধ।
- Basement Tenant: Get Help from HPD Grant Money, Move Out from an Unhealthy Toxic Basement. (বেসমেন্ট ভাড়াটিয়া: HPD অনুদানের অর্থের সাহায্য নিন, অসুস্থকর বিষাক্ত বেসমেন্ট থেকে বেরিয়ে আসুন, এবং দীর্ঘায়ু লাভ করুন।) আইনজীবী ছাড়া বেজমেন্ট ভাড়াটিয়ার উচ্ছেদ, ব্যক্তিগত তদন্তের মাধ্যমে অর্থ সংগ্রহ, এবং সম্প্রদায়ের মধ্যস্থতা।

917-618-0740 Bcsafetymediator@gmail.com


NY INSURANCE
BROKEAGE INC.
NY I
NY INSURANCE BROKERAGE
TLC INSURANCE SPECIALIST
718 476-2025


NY CAR & LIMO
SERVICES INC
NY
CAR & LIMO
SERVICES INC
BO2902
BLACK & GREEN CAR BASE
718 727 4444


BEGINNER'S
DRIVING ACADEMY
YOUR DRIVER LICENSE IS OUR RESPONSIBILITY
929 244-7730


DMV EXPRESS
ABC-1234
PLATES
NEW, SURRENDER & TRANSFER
TITLE
NEW & DUPLICATE TITLE REQUEST
REGISTRATION
NEW, REPLACE, RENEWAL & TRANSFER
929-244-7730
EXCELSIOR

# Immigrant Elder Home Care LLC.

# হোম কেয়ার



**ঘরে বসে বাবা-মা, শ্বশুর শাশুড়ি, দাদা-দাদী, নানা-নানী বন্ধু-বান্ধব, প্রতিবেশি এমনকি ছেলে মেয়ে ও ভাইবোনদের সেবা দিয়ে অর্থ উপার্জন করতে পারেন।**

## আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

কোন সার্টিফিকেট এর প্রয়োজন নেই- কোন ফি চার্জ করি না



**Giash Ahmed**
Chairman/CEO
917-744-7308
giashahmed123@gmail.com

**CORPORATE OFFICE:**
37-05 74 St, 2nd Fl, Jackson Heights, NY 11372
Tel: 917-744-7308, 718-457-0813 Fax: 718-457-0814

**SUTPHIN BLVD OFFICE:**
97-01 Sutphin Blvd, Jamaica, NY 11435
Tel: 718-755-0153

**JAMAICA OFFICE:**
87-54 168 Street, 2nd Fl, Jamaica, NY 11432
Tel: 718-406-5549

**LONG ISLAND OFFICE:**
1 Blacksmith Lane, Dix Hill, NY 11731
Tel: 718-406-5549

**BRONX OFFICE:**
2148 Starling Ave, Bronx, NY 10462
Tel: 718-406-5549

**OZONE PARK OFFICE:**
175 B Forbell St., Brooklyn, NY 11208
Tel: 718-406-5549

**BUFFALO OFFICE:**
859 Fillmore Ave, Buffalo, NY 14212
Tel: 917-744-7308

With the best Compliments of

HAPPY New Year 2025

# ফাতেমা ব্রাদার্স গ্রুপ

## হাজী তাহির আলী ফাউন্ডেশন

মানবতার সেবায় আমরা

FOR THE COMMUNITY FROM THE COMMUNITY
SERVING THE COMMUNITY SINCE 1990

SHAD
FATEMA BROTHERS INC
প্রবাসে দেশের স্বাদ

গ্রোসারী জগতে এক ঐতিহ্যবাহী নাম
FATEMA GROCERY
একটি পরিপূর্ণ গ্রোসারী ও গৃহস্থলি
সামগ্রীর সেরা প্রতিষ্ঠান

Al Hamra COLLECTION
For All Your Fashion Needs

Hillside Fabric Plus
Trusted Name For All Your Fabric Needs

STAR CARE PHARMACY
175-20 Hillside Ave, Jamaica, NY 11432
• Specialty Pharmacy
• Free Delivery • Open 7 Days

FATEMA TRAVEL & SERVICE INC
Air Ticket,
Hajj | Umrah Package &
Much More



Fakrul Islam Delwar
Community Organizer/Activist

Member
Community Board #8

Founding Directior
U.S. Bangladesh Chamber Of Commerce And Industry

Founder & President
Jamaica Bangladesh Friends Society, Inc. New York

President
American Bangladeshi Business Allince.

# এ সপ্তাহের কবিতা



## মেয়েটি চেয়েছিল একমুঠো রোদ

### এইচ বি রিতা

মেয়েটি চেয়েছিল একমুঠো রোদ,
যেখানে তার শীতল দিনগুলো গলে যাবে
বাতাসে ভাসা পাখির ডানার ছায়ায়।
মেয়েটি চেয়েছিল মাটির ঘ্রাণ,
যেখানে পায়ের তলায় বোনা হবে
তপ্ত রোদের নরম ছায়া।
মেয়েটি চেয়েছিল একফোঁটা বৃষ্টি,
যা তার ধূলিমাখা চুলে ঝরে পড়বে
রূপকথার জল হয়ে
তার চোখে ছিল সমুদ্রের গভীরতা,
তবু চেয়েছিল ছোট্ট একটি নদী,
যেখানে সে ভাসিয়ে দেবে ক্লান্তি।
মেয়েটি চেয়েছিল একটি খোলা জানালা,
যেখান দিয়ে আসবে পাহাড়ের স্নিগ্ধ গন্ধ
সে চেয়েছিল একটি হাত,
যা ধরবে তার কাঁপা আঙুল অন্ধকার রাতে।
মেয়েটি চেয়েছিল একটি কুয়ো,
যার জলে তার মুখের প্রতিচ্ছবি
থাকবে স্থির, অক্ষত।
মেয়েটি চেয়েছিল তৃণের নীচে ঘুমিয়ে থাকা শিশির,
যা জেগে ওঠবে সূর্যের প্রথম স্পর্শে।
অথচ, পৃথিবী তাকে দিল ঝড়, রক্তাক্ত ভোর,
সময় দিল তাকে ধুলো-
ঝড়ে ভরা রাত্রি,
ভাঙা জানালায় ছুটে আসা কর্কশ হাওয়া।
মেয়েটি এখনো চায়-
নদীর বুকে ভেসে থাকা একটি নৌকা,
যেখানে দিনের ক্লান্তি মুছে যাবে
রাত্রির নিঃশব্দ সুরে।
একটু আলো, যা হতে পারে বেঁচে থাকার
সরল উপাখ্যান।

লেখক: কবি, নিউইয়র্ক।





## কোন আগুনে পুড়ছে স্বদেশ?

### মামুন জামিল

কোন আগুনে পুড়ছে স্বদেশ
গরম নাকি ঠাণ্ডা ?
স্বাধীন দেশে তপ্ত হেসে
উড়ছে সে কোন ঝাণ্ডা?

অলক্ষিত বহ্নি শিখা
বিধ্বংসী যার দীপ্তি,
খুঁজে ফেরে ফাগুন দিনে
খড়ের গাদায় তৃপ্তি!

আত্মঘাতী ডুব সাঁতারে
এ কোন খেলা চলছে?
নেতিয়ে যাওয়া বারুদ যেন
শীতল জলে জ্বলছে!

দ্রোহ এবং প্রেমের কবি
না জানি কী লিখছে!
কোন সে জলে আগুন জ্বলে
বাঙালি কি শিখছে?

লেখক: কবি, নিউইয়র্ক।



## শেখ হাসিনার সালতামামি

### মোহাম্মদ আব্দুল আজিজ

লাটাই নিয়ে খেলতে ঘুড়ি
দেশটা করলো যজ্ঞপুরি।
যজ্ঞপুরির সাজতে গুরু
মানুষ মেরে করলো শুরু।
রাষ্ট্রদ্রোহীর নামে ফাঁসি
পিলখানার হত্যারাশি।
ক্রসফায়ারে হত্যাবাজি
সেই বিচারে নিজেই কাজী।
ধর্মের সাথে জুলুমবাজি
রাজনীতিতে ছুড়লো বাজি।
তার পরেও সে শান্ত না
কোন কিছুতেই ক্ষান্ত না।
ঐ রাজাকার আলবদর
যাদের তরে নেই কদর।
ফাঁসি দিয়ে সারলো বিচার
নিত্য এল খবর ফিচার।
সংবিধানের রকমফের
রীতিনিতির অভাব ঢের।
রাষ্ট্রনীতির এমন চাল
রাজনীতিতে ভাঙলো তাল।
দিনদুপুরে পুকুরচুরি
হেন কাজেও নেইকো জুড়ি।
লুটে সম্পদ কাড়ি কাড়ি
করলো বিদেশ বাড়িগাড়ি।
পায়নি ছাড়া লেখক-কবি
নেয় বাগিয়ে তাদের সবই।
নিজের ঘরে চেয়ে ফাগুন
সে ঘরে ঘরে দিলো আগুন।
লয়ে আপন সঙ্গীসাথি
দেশের জ্বালায় লাল বাতি।
বুলেট বোমা টিয়ার সেল
মারতো, নয় সে দিতো জেল।
বাংলাদেশে হেন হামলা
করে তার আমলা কামলা।
দমেনি তো প্রতিবাদী মুখ
এগিয়ে দিলো জনতা বুক।
তোপের মুখে ছাড়লো দেশ
ছত্রিশে তার শাসন শেষ।
স্বৈরাচার নিপাত গেল
আইনের শাসন প্রতিষ্ঠা পেল।

লেখক: কবি, নিউইয়র্ক।





## একা নির্জনে

### সুজন দাশ

ফুলের বনে একটা ভ্রমর গুনগুনিয়ে,
হঠাৎ এসে আমায় গেল গান শুনিয়ে!
ফুল গুলো বেশ ছড়াচ্ছে রং থরে থরে,
হাসছে রোদে ঝলমলিয়ে ফুলের পরে!

চেয়ে আছি দু'চোখ জোড়া অবাক মেলে,
আকাশ এবার ডাকলো আমায় সুনীল চেলে!
সাদা মেঘে খিলখিলিয়ে উঠলো হেসে,
বলল আমায় আসবি নাকি মেঘের দেশে?

হেঁটে হেঁটে এলাম চলে গাছের তলে,
প্রখর রোদে শরীর যেন যাচ্ছে জ্বলে!
শীতল বাতাস আনলো ফিরে স্বস্তি মনে,
দৃষ্টি জোড়া আটকে গেল সবুজ বনে!

মধুর কণ্ঠে হরেক পাখি উঠলো ডেকে,
সুরেলা সুর আসছে কানে থেকে থেকে!
ভালো লাগে আমার আবার থাকতে গাঁয়ে,
ছুটি পেলেই যাই ছুটে বন তরুর ছায়ে!

লেখক: কবি, নিউইয়র্ক।



## বদমাশ নেতা এক

### মশিউর রহমান রুবেল

নেতার কথাতেই
লাগলো গোলমাল।
মুহূর্তে চারদিক হয়ে
উঠে বেসামাল।

হাতে হাতে রাম দাও
উত্তাল ক্যাম্পাস
ঐ ঐ ধর ধর, তোরা
সবাই কৈ যাস।

ক্ষমতাসীনদের
কত কত শর্ত
রাজপথে ঝরল
ছাত্র-জনতার রক্ত।

কেউ কেউ দিল সব
আছে শুধু জান
গুলিতে নিতে গেল
কত শত প্রাণ।

ছাত্র-জনতা এক হয়ে
বলে.. ধর ধর, গেল কৈ
চিৎকার চেঁচামেচি
গোলমাল হৈ চৈ।

চিৎকার করে বলে
ভাই, মের দাও
পালাতে না পারে যেন
হাতে হাতে বেড় দাও।

চেয়েছিল আন্দোলন
করতে হাইজ্যাক
অবশেষে বানালো খুনি
বদমাশ নেতা এক।

লেখক: কবি, ঢাকা।



# Trump Is Already Rattling the Stock Market. Buckle Up

Ajkal Desk



The incoming Trump administration may already be sending investors a message: Expect a rough ride for the stock market.

While the week between Christmas and New Year's has been relatively quiet on Wall Street, as it usually is, the end of the year has been relentlessly painful. While the S&P 500 SPX -0.43%
was up nearly 28% in 2024 at its high on Dec. 6, that has been shaved down to less than 24%.

Sevens Report President Tom Essaye believes year-end positioning and lackluster trading volumes—issues that will ease after New Year's—are the real culprits behind the declines. Yet that isn't the whole story. The Republican fight over H-1B visas has been grabbing headlines during an otherwise slow time, a reminder of the divisions in the Republican Party that will be front and center after Inauguration Day.

H-1B visas, which allow 85,000 foreign workers with a bachelor's degree or higher and specialization in a desirable field to be employed in the U.S. each year, have become divisive in the GOP. Some on the hard right, like Steve Bannon, strongly oppose them as a way for companies to import cheaper labor rather than hire Americans. The DOGE portion of the party, led by Elon Musk, argues they are essential to keep America's edge in tech and innovation. Musk, who worked under an H-1B visa when he came to the U.S. from South Africa in 1995, endorses them.

While that may sound like a tempest in a teapot sitting on a table in Mar a Lago rather than a problem for Wall Street, the issue is the razor-thin margins Republicans have in both houses of Congress, as Essaye noted on Tuesday. How can investors believe they will deliver on their pro-growth campaign promises if the party is consumed with internal squabbling before even coming into power?

There is infighting aplenty. In the less than two months since the election, there have been four separate occasions when Republican messiness affected the markets—November's controversial cabinet nominations were followed by the threat of new or escalating tariffs on major trading partners like Canada, Mexico, and China. A near shutdown of the government right before Christmas was only averted at the 11 th hour, and now there is the tiff over H-1B visas.

"None of these events are big enough to derail this market, but they are a near-constant reminder of the drama Trump can manufacture (either directly or indirectly) on seemingly mundane functions of the government," Essaye wrote.

This latest spat will likely be replaced by future flashpoints, but for now, visas are a concern for the market because of H-1Bs' outsize impact on tech. The Magnificent Seven benefit by attracting the world's most innovative minds, he said.

"Altering or reducing the H-1B visa program reflects a further isolationism that investors fear would hurt the U.S. tech industry in the long run," Essaye wrote. "And while that fear is a bit of a stretch, amidst large tech outperformance and thin volumes into year-end, it's creating another reason to book profits."

The trouble could also carry into the new year.

Yardeni Research President Ed Yardeni expects that volatility will be the name of the game come January for several reasons, not least of which will be the president-elect's first moves. "He will undoubtedly quickly issue a number of executives orders (EO) regarding raising tariffs, deporting illegal migrants, and reducing regulations," the economist wrote Monday. "The EOs are likely to be mostly controversial, creating lots of uncertainty about their economic impact."

Moreover, while the Christmas fight over the budget yielded a deal that will keep the government funded until March, it didn't tackle the limit on the national debt, which was suspended in June 2023 and will be reinstated in the new year. Treasury Secretary Janet Yellen warned Congress last week that if lawmakers don't raise or suspend the limit as soon as Jan. 14, she might have to begin using "extraordinary measures" to prevent the nation from defaulting on its borrowings.

"Trump's request to lift or eliminate the debt ceiling was rejected by congressional lawmakers, raising some doubts about the incoming administration's will and political ability to reduce the deficit," Yardeni noted.

Another shoe that has yet to drop is earnings from the big tech companies that have fueled much of 2024's rally for stocks. All of the Magnificent Seven stocks save Alphabet GOOGL -1.01%
and Nvidia NVDA -2.33%
report their results at the end of January.

Investors sitting on huge capital gains in those stocks might have delayed rebalancing their portfolios in 2024, given that group was one of the few winners in December, Yardeni theorized. If they unload shares in the new tax year, the selling could "feed on itself" if the Mag Seven's huge spending on artificial intelligence weighs on results come earnings season, he said. None of this is enough to derail the rally overall. But it is reason enough to buckle your seat belt.



## Countdown to Congestion Pricing

Ajkal Desk

Starting midnight on Sunday, nearly every driver who crosses south of 60th Street in Midtown, Manhattan will be tolled as the first congestion pricing program in North America begins.

There are multiple goals for the congestion pricing zone, including easing traffic in the most crowded area of the city, reducing emissions, and raising money for the MTA.

Drivers traveling below 60th Street will be automatically charged unless they take the FDR Drive or West Side Highway or go straight from those roads into the Hugh L. Carey Tunnel. Those routes are considered to be outside the zone. But the minute you turn onto any other street below 60th Street, you get charged.

As far as how much this will cost you, that depends on a number of factors, including whether you're traveling during designated peak or off-peak hours.

The peak fee will be in effect from 5 a.m. to 9 p.m. on weekdays and from 9 a.m. to 9 p.m. on weekends.

The peak fee will cost E-ZPass drivers $9. The toll costs $13.50 if you pay by mail.

The off-peak fee will cost E-ZPass drivers $2.25. If you pay by mail, it will cost $3.30.

These costs are higher for most commercial vehicles.

There are some discounts and exemptions for drivers.

Passengers in taxis, green cabs, and black cars will be charged 75 cents no matter the time of day.

The fee rises to $1.50 for passengers in app-based for-hire vehicles like Uber and Lyft.

You may also be able to save money with bridge and tunnel credits, discount plans, and other exemptions.




## NYC transit and transportation: 2025 projects and fare increases

Anik Raj

Transit and transportation are always big topics around the region. In 2025, maintenance and improvement projects will proceed, including a record number of new elevator installations, signal work, and track upgrades.

Two major rehabilitation projects in the region begin in January. The A train will not run to the Rockaways beginning January 20 through May for storm-protection work.

The Hoboken PATH Train station closes on January 30 for a month of renovation and upgrades.

Much attention has been focused on congestion pricing, which will begin on Sunday, January 5. It will help raise billions for capital improvements. Despite losing recent efforts to block it, opponents are continuing the legal fight, with more court proceedings set for mid-January and February.

Commuting costs will increase.

Tolls on the Jersey Turnpike and Garden State Parkway increased by 3% on January first. Port Authority toll increases of about 4% are approved and set for January 5.

PATH Train rides increase by .25 cents to $3 on January 12. NJ Transit is set to begin a yearly 3% increase in July, and the MTA has budgeted an average 4% increase. The board must first work out the details and hold a public hearing. The MetroCard will still be used in 2025, although the MTA says the phase-out is coming soon. Originally, the OMNY system was to be fully in place. More vending machines need to be installed.

# NYPD says no credible threats to NYC after deadly New Orleans attack

**Shah Nawaz**



Police officials on Wednesday said there were currently no credible threats to New York City after at least 10 people were killed and dozens of others were injured in a vehicular attack in New Orleans that the FBI said it was investigating as an act of terrorism.

"The NYPD has been closely monitoring recent events in New Orleans and coordinating with federal and regional partners," the department said in an emailed statement. "We have not identified any specific/credible threats or any nexus to New York City at this time."

New York Gov. Kathy Hochul said state officials had no indication of any credible threats to New Yorkers. She said she had directed state police to be "on high alert" to keep communities safe.

According to the FBI, a 42-year-old man from Texas drove a pickup truck into a crowd of people on Bourbon Street in downtown New Orleans around 3:15 a.m. Central Time on Wednesday, as revelers celebrated the new year. The man then got out of the truck and fired at local law enforcement, who returned fire, the FBI said.

He was pronounced dead at the scene and was later identified by federal authorities as Shamsud-Din Jabbar, a U.S. citizen. Two law enforcement officers were injured and taken to the hospital as a result of the incident, according to the FBI.

"An ISIS [Islamic State] flag was located in the vehicle, and the FBI is working to determine the subject's potential associations and affiliations with terrorist organizations," the bureau said in a statement. "Weapons and a potential IED [improvised explosive device] were located in the subject's vehicle. Other potential IEDs were also located in the French Quarter." Authorities said they were still investigating the incident, adding that special bomb technicians were working to render the apparent explosive devices safe.

New York City Mayor Eric Adams said the city stood ready to help however possible in the aftermath of the attack.

# Gap widening between BNP and interim govt

**Ajkal Desk**

Unresolved issues, including delays in declaring a polls roadmap and resolving politically motivated cases, are creating a distance between the BNP and the interim government.

Some comments made by government advisers and the BNP's apprehension of a new "government-backed political party" in the works are making things even worse, party insiders said. To narrow the gap, the BNP has been calling for dialogue with the interim government since it assumed office. The BNP has been sharpening its criticism recently.



The party says it is not happy with the draft of the cyber protection ordinance. It believes the new law grants law enforcers excessive powers. The party said the government failed to set a clear election roadmap and provide a timeline for reforms. It has also expressed concern over the chief adviser's proposal to set the minimum voter age to 17 and said such a move could delay the polls further.

BNP Secretary General Mirza Fakhrul Islam Alamgir voiced disappointment after Chief Adviser Prof Muhammad Yunus in one of his addresses to the nation did not specify, according to the BNP, when the polls would be held.

He said that there is a public perception that the interim government is intentionally delaying the election process. "We can't delay the election for the sake of reforms. An unelected government cannot stay for a long time under the pretext of reform," Fakhrul said. On December 23, Fakhrul at a rally in Thakurgaon said people would have to take to the streets again for the right to food and vote. BNP Standing Committee Member Amir Khasru Mahmud Chowdhury said, "The most important issue is the upcoming election, but there has been no discussion with us on this matter."

The party also came down heavily on the way the government was handling politically motivated cases. Several BNP leaders pointed out that cases against Prof Yunus were quickly withdrawn, but those filed against BNP Chairperson Khaleda Zia and acting chairman Tarique Rahman remain unresolved. Moazzem Hossain Alal, an adviser to the BNP chairperson, claimed that the government positioned itself as pawns in a political game.

The party is also concerned that the interim government may support the formation of a new political party by leaders of the Students Against Discrimination. BNP Standing Committee Member Salahuddin Ahmed said, "A new political party is always welcome, but it should not be formed with government support."

He said, "Being an adviser you do politics from within the government. And you'll form a party and waste time for the sake of it and keep making excuses until you are ready for elections. People understand what you are doing."

The BNP held discussions with leaders of like-minded parties on December 21 last year and expressed concerns over the government's potential involvement in forming a new political party. It recently criticised comments of advisers Muhammad Fouzul Kabir Khan and Syeda Rizwana Hasan. The two had said that the politicians in the past failed to carry out reforms. Some demands made by the Students Against Discrimination, like "proclamation of July uprising," banning the Awami League, and removing the president, irked the BNP.



# Dighi to play lead in Tagore's 'Dena Paona'

**Ajkal Desk**

Prarthana Fardin Dighi has landed the coveted role of Nirupama in the upcoming film adaptation of Rabindranath Tagore's iconic short story "Dena Paona". Directed by Sadek Siddique and backed by a government grant, the film promises to bring a fresh perspective to Tagore's timeless narrative. Dighi, a rising star in the industry, is eager to take on the challenge of portraying a complex character in one of Tagore's most celebrated works, marking an exciting new chapter in her career. Expressing her excitement, Dighi shared, "When I heard the story from the director, I felt that Nirupama is a character that will give me ample opportunity to explore my acting abilities. Moreover, the fact that this film is based on a story by Rabindranath Tagore adds an extra layer of enthusiasm for me."

"I'm confident that the entire 'Dena Paona' team will approach the project with sincerity, ensuring that no detail is overlooked. I hope the audience will be curious enough to come to the cinema and experience the film firsthand," the actress added. Siddique, who has long been contemplating casting Dighi, revealed, "Since the project received the government grant, I've been in discussions with Dighi about the role of Nirupama. She felt like the perfect fit for the character. I'm excited to begin working with her, and I believe the audience will see a completely new side of her in 'Dena Paona'."

# Remittance inflow reaches $13.77b in July-December

**Ajkal Desk**

Remittance inflow to Bangladesh reached a record high of $13.77 billion in the first half of fiscal year 2024-25, with December alone contributing record $2.63 billion, according to Bangladesh Bank data. It is a significant increase compared with $10.9 billion during the same period last fiscal year.

Bankers attribute the surge in remittance inflow to the rise in the dollar exchange rate and a reduction in money laundering through illegal channels such as hundi.During the first half of the fiscal year 2024-25, remittance inflow stayed above $2 billion for the fifth consecutive month till December.


Experts attributed this surge to an increased use of official channels, especially state-owned banks, by expatriates in sending money to the country after a major political shift in Bangladesh on August 5.



The new government's efforts to stabilise the financial sector have fostered the expatriates' trust in state-run institutions, they said. Remittance inflow reached $2.63 billion in December, $2.19 billion in November, $2.39 billion in October, $2.4 billion in September, $2.22 billion in August and $1.91 billion in July. In January to December, 2024, remittance inflow hit $27 billion, which was 23 per cent higher than the previous year. The high remittance inflows have helped the central bank repay significant foreign overdue payments by the end of December. Despite these repayments, the country's foreign currency reserve, according to the International Monetary Fund guidelines, increased to $21.33 billion on December 29.

In December, five state-owned banks accounted for an impressive 31 per cent of the total remittances, processing $832 million.

Islami Bank Bangladesh, however, led with remittance receipts of $360 million in November, followed by Agrani Bank $264 million, Sonali Bank $211 million, BRAC Bank with $193 million, Trust Bank $184 million, Janata Bank with $147 million, National Bank $119 million and Bangladesh Krishi Bank with $112 million.



# কাকে বলে কসমেটিক সার্জারি

ডা. জাহেদ পারভেজ




প্রত্যেক মানুষ নিজের মতো করে সুন্দর। কিন্তু কখনো কখনো জন্মগত ত্রুটি, দুর্ঘটনায় অঙ্গহানি, ক্যানসার বা পুড়ে যাওয়ার কারণে মানুষের সৌন্দর্যহানি ঘটতে পারে। আক্রান্ত অংশের গঠন ফিরিয়ে এনে সেই অংশের কার্যক্ষমতা পুনরুদ্ধার, পরিশেষে সৌন্দর্য রক্ষা এখন চিকিৎসাবিজ্ঞানের একটি বিশেষায়িত শাখায় পরিণত হয়েছে। উন্নত বিশ্বের মতো বাংলাদেশেও অ্যাসথেটিক বা কসমেটিক সার্জারি এখন বেশ জনপ্রিয়।

কেন দরকার কসমেটিক সার্জারি

প্রধানত কিছু জটিলতায় কসমেটিক সার্জারি উপকারে আসতে পারে। যেমন:

১. দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত বা পুড়ে যাওয়া অংশের সৌন্দর্য ফিরিয়ে আনতে কসমেটিক সার্জারি একটি সাধারণ প্রক্রিয়া। অগ্নিদগ্ধ রোগীর ক্ষেত্রে অনেক সময় পুড়ে যাওয়ার কারণে কাঁধ, হাত, পা ইত্যাদি অঙ্গের টিস্যু শক্ত হয়ে গিয়ে সেগুলোর স্বাভাবিক সঞ্চালন বাধাগ্রস্ত হয়। রোগীর এসব অঙ্গের গতিবিধি অনেকটা সীমিত হয়ে পড়ে। পুড়ে যাওয়া অঙ্গের শক্ত হয়ে যাওয়া টিস্যু অপসারণ করে শরীরের অন্য কোনো অংশের সুস্থ টিস্যু প্রতিস্থাপন করে সেই অঙ্গের স্বাভাবিকতা ফিরিয়ে আনা সম্ভব। ঠোঁটকাটা বা তালুকাটা সমস্যাও এমন সার্জারির মাধ্যমে সারিয়ে তোলা যায়।

২. বডি কন্টুরিং বা বডি শেপিং সার্জারি: স্থূলতার কারণে শরীরের স্বাভাবিক আকৃতির পরিবর্তন হয়। মূলত খাদ্যাভ্যাস ও শরীরচর্চার মাধ্যমে স্থূলতা কমানো হয়। অল্প ক্ষেত্রে অস্ত্রোপচারের মাধ্যমে লাইপোসাকশন (চর্বি অপসারণ), ব্রাকিপ্লাস্টি (বাহুর অতিরিক্ত চামড়া অপসারণের মাধ্যমে টান টান ত্বক), পেটের অতিরিক্ত চর্বি অপসারণ, লাভ হ্যান্ডলিং এরিয়া, ঘাড়ের অতিরিক্ত চর্বি অপসারণ, ডাবল চিন চর্বি অপসারণের মাধ্যমে শারীরিক অবয়ব উন্নত করা সম্ভব। তবে জীবনচর্চা পরিবর্তন না করলে স্থূলতা আবার ফিরে আসতে পারে। সে ক্ষেত্রে এটা কোনো স্থায়ী এরপর ৪৪ পৃষ্ঠায়



# চুল পড়ার কারণসমূহ ও হেয়ার ট্রান্সপ্ল্যান্ট কখন করতে হবে

ডা. এস এম বখতিয়ার কামাল

কারণসমূহ : সঠিক কারণ এখনো নির্ণয় হয়নি। তবে

* জেনেটিক বা পারিবারিক ইতিহাস।
* অনুপযুক্ত খাদ্যাভ্যাস।
* মানসিক চাপ।
* দীর্ঘমেয়াদি অসুস্থতা।
* হরমোনের ভারসাম্যহীনতা।
* ওষুধের পার্শ্বপ্রতিক্রিয়াকে দায়ী করা হয়।

কাদের জন্য হেয়ার ট্রান্সপ্ল্যান্ট

* সাধারণত যেসব পুরুষদের পুরুষ প্যাটার্ন টাক আছে।
* যেসব নারীদের অতিরিক্ত চুল পড়া বা চুল পাতলা হওয়ার সমস্যা রয়েছে।
* মাথার ত্বকে আঘাতের কারণে চুল পড়ে গেছে এমন ব্যক্তিরা।
* যারা স্থায়ী টাকের অধিকারী।
* যারা চুল না থাকার কারণে ভীষণ মানসিক টেনশনে আছেন।
* যারা বাজার থেকে কিনা চুল আঠার মাধ্যমে লাগিয়ে ত্বকে ইনফেকশন করে ফেলেছেন।

যেসব ব্যক্তির চুল প্রতিস্থাপন বা ট্রান্সপ্ল্যান্ট করতে মানা

* যাদের দীর্ঘমেয়াদি ওষুধের কারণে চুল পড়ে গেছে বা কেমোথেরাপি নিচ্ছেন।
* যে মহিলাদের চুল পড়ার ধরনে রয়েছে যা পুরো মাথা বা মাথার ত্বকে বিস্তৃত।
* ট্রান্সপ্ল্যান্ট পদ্ধতির জন্য যাদের মাথার পেছনের সাইটে বা এরপর ৫৩ পৃষ্ঠায়

# ব্যবস্থাপত্র ছাড়া অ্যান্টিবায়োটিক নয়

ডা. ইরতিফা যাবিন



বিভিন্ন কারণে বিভিন্ন রকম রোগবালাই হতে পারে। শুধু ব্যাকটেরিয়াজনিত অসুখেই অ্যান্টিবায়োটিক কার্যকর। ফাঙ্গাসজনিত রোগের ওষুধকে বলা হয় অ্যান্টিফাঙ্গাল এবং বেশির ভাগ ভাইরাসজনিত অসুখের কোনো ওষুধ নেই। সাধারণ অসুখবিসুখ, যেমনজ্বরসর্দি, গলা ব্যথা, কাশি, ফ্লু থেকে জ্বর এবং পেটের পীড়ার পেছনে রয়েছে ভাইরাস-যার বিরুদ্ধে অ্যান্টিবায়োটিক একেবারেই অকার্যকর। অথচ ফার্মেসির অতি উৎসাহী বিক্রেতারা কিছু না জেনেই এসব রোগীর হাতে তুলে দিচ্ছেন শক্তিশালী অ্যান্টিবায়োটিক।

২০২৩ সালে চালানো জাতীয় অ্যান্টিবায়োটিক রেজিস্ট্যান্স জরিপে দেখা যায়, বহুল ব্যবহৃত বেশ কিছু অ্যান্টিবায়োটিক আমাদের দেশের রোগীদের মধ্যে ৮২ শতাংশ পর্যন্ত কার্যকারিতা হারিয়েছে, যা মাত্র কয়েক বছর আগেও ছিল ৭১ শতাংশ। সুতরাং ২০১৮ থেকে ২০২৩ সালের মধ্যে অ্যান্টিবায়োটিক রেজিস্ট্যান্সের হার বেড়েছে ১১ শতাংশ। ধরে নেওয়া যায় এ বছর হার আরো বেড়েছে।

প্রতিটি ব্যাকটেরিয়ার বিরুদ্ধে আবার সব অ্যান্টিবায়োটিক কার্যকর নয়। তাই অসুস্থ হলে প্রথম কাজ চিকিৎসকের শরণাপন্ন হওয়া। রোগের উপসর্গের ওপর ভিত্তি করে ল্যাবরেটরিতে বিভিন্ন পরীক্ষার মাধ্যমে বের করা সম্ভব ঠিক কোন ব্যাকটেরিয়ার সংক্রমণে রোগটি দেখা দিয়েছে। সে অনুযায়ী চিকিৎসক নির্ধারণ করবেন অ্যান্টিবায়োটিক কোনটি ঠিক কী মাত্রায় কত দিন ব্যবহার করতে হবে।

চিকিৎসকের পরামর্শ অনুযায়ী অ্যান্টিবায়োটিকের কোর্স সম্পন্ন করা বাধ্যতামূলক। অনেক রোগীই মনে করেন, অসুখের প্রকোপ কমে গেছে তাই ওষুধের আর প্রয়োজন নেই, যা সম্পূর্ণ ভুল।

রেজিস্ট্যান্সের বিষয়ে জনসচেতনতা এখনো অপ্রতুল। রেজিস্ট্যান্স বলতে বোঝায়, ব্যাকটেরিয়াটি দমনে অ্যান্টিবায়োটিক কার্যকর নয়। ব্যাকটেরিয়া খুব দ্রুত বংশ বৃদ্ধি করে। মাত্র ২৪ ঘণ্টায় একটি ব্যাকটেরিয়া পরিণত হতে পারে পূর্ণাঙ্গ ব্যাকটেরিয়াল কলোনিতে। প্রতিবার বংশবৃদ্ধির সময় তার ডিএনএ অল্পবিস্তর বদলে যায়। একে বলা হয় মিউটেশন। মিউটেশনগুলো দৈবচয়নে ব্যাকটেরিয়াকে অ্যান্টিবায়োটিকনিরোধী করতে পারে। তাই এরপর ২২ পৃষ্ঠায়



# বাড়ছে ত্বকের ক্যান্সার

ডা. মোসাব্বির আহমাদ খান

পুরো বিশ্বে সব ধরনের ক্যান্সারের মধ্যে ত্বকের ক্যান্সারের রোগীর সংখ্যা রয়েছে ১৭তম অবস্থানে। আমাদের দেশে এ বিষয়ে সঠিক পরিসংখ্যান নেই। কিন্তু প্রতিনিয়ত হাসপাতালে ত্বক ক্যান্সারের রোগীর ভিড় বাড়ছে। অনেকেই অসচেতনতার দরুন চিকিৎসকের শরণাপন্ন হন না।

ক্যান্সার প্রতিরোধে সচেতন থাকলে এবং নিয়মিত ত্বক পরীক্ষা করালেই রোগটি রুখে দেওয়া সম্ভব। প্রাথমিক অবস্থায় ধরা পড়লে রোগটি শতভাগ নিরাময়যোগ্য।

যে কারণে ত্বকে হতে পারে ক্যান্সার

* রোদে পুড়ে কাজ করেন যাঁরা, সূর্যের অতিবেগুনি রশ্মি সরাসরি তাঁদের ত্বকে লাগে। তাঁদের মধ্যেই সবচেয়ে বেশি দেখা যায় এই রোগ।
* ত্বক সুরক্ষায় মেলানিন অতি জরুরি। যাঁদের ত্বক অতিরিক্ত ফরসা ও ফ্যাকাসে, ক্যান্সারের ঝুঁকিও তাঁদের বেশি।
* তরুণদের তুলনায় বয়োজ্যেষ্ঠদের বেশি হয় এই রোগ। বয়সের সঙ্গে ত্বকের পুরুত্ব ও মেলানিনের পরিমাণ কমে যায়, ফলে ঝুঁকি বাড়ে।
* তামাক সেবনে ত্বক রুগ্‌ণ হয়ে যায়, তখন সহজেই বাসা বাঁধে ক্যান্সার।
* হিউম্যান প্যাপিলোমা ভাইরাসের সংক্রমণে ত্বকে হতে পারে স্কোয়ামাস সেল কারসিনোমা ঘরানার ক্যান্সার।
* অতিবেগুনি রশ্মির মতো অন্যান্য আয়ন উৎপাদনকারী বিকিরণ, যেমন- এরপর ২৩ পৃষ্ঠায়

# পাইল্‌স হলে অবহেলা নয়, সুচিকিৎসা নিন

ডা. মোহাম্মদ তানভীর জালাল

পাইল্‌স রোগ হলে বেশির ভাগ রোগীই অত্যন্ত সাধারণ রোগ মনে করে শুরুতে চিকিৎসা নিতে চায় না। পরে বেশ জটিলতা হলে চিকিৎসা নিতে আসে। প্রথম অবস্থায় চিকিৎসা নিতে অপারগ বা স্বাচ্ছন্দ্যবোধ না করার প্রধান কারণ হিসেবে দেখা যায় রোগটি কারো কাছে প্রকাশ করতে লজ্জাবোধ কাজ করা। বর্তমানে বাংলাদেশে পাইল্‌স রোগটির আক্রান্তের হার বেড়েই চলেছে এবং এর সঙ্গে বেড়ে চলেছে অপচিকিৎসা। কিছু হাতুড়ে ডাক্তার ও মুনাফালোভী কাটাছেঁড়ার কথা বলে বা বিনা অপারেশনের কথা বলে রোগীদের বিভ্রান্ত করছে। তাই পাইল্‌স রোগটি কী, এর সাধারণ লক্ষণসমূহ, কীভাবে প্রতিরোধ করতে পারি ও কি কি চিকিৎসা আছে তা জানা থ কলে আমরা এ রোগের প্রকোপ অনেকাংশে কমাতে পারি।



পাইল্‌স হলো-

পাইল্‌স রোগটি চিকিৎসা বিজ্ঞানে ইংরেজিতে Hemorrhoids নামে পরিচিত। যা সাধারণ লোকদের কাছে ভগন্দর রোগ নামেও পরিচিত। দেখা যায়, পাইল্‌স মূলতঃ আমাদের পায়ুপথের ভেতরে ফুলে যাওয়া রক্তবাহী শিরা। আমাদের মলদ্বারের ভেতর ও বাইরে রক্ত পরিবহনকারী শিরা (veins) থাকে, এই শিরাগুলো যদি কোনো কারণে ফুলে ওঠে, কিংবা বর্ধিত হয়ে মলদ্বারের বাইরে চলে আসে বা শিরা থেকে রক্তপাত হয় তখন তাকে পাইল্‌স বা হেমোরয়েড বলে চিহ্নিত করা হয়।

পাইলসের কারণসমূহ হলো-

১। দীর্ঘমেয়াদি কোষ্ঠকাঠিন্য।
২। দীর্ঘমেয়াদি ডায়রিয়া।
৩। আঁশযুক্ত খাবার, শাক-সবজি কম খাওয়া। ভাজা- পোড়া ও লাল মাংস বেশি খাওয়া।
৪। মলত্যাগের সময় দীর্ঘক্ষণ টয়লেটে বসে থাকা ও মলত্যাগের সময় অধিক চাপ প্রয়োগ করা।
৫। গর্ভাবস্থায় অনেকের পাইল্‌স হয়।
৬। স্থূলতা বা শরীরের ওজন বেশি হওয়া।
৭। নিয়মিত ভারী জিনিস উত্তোলন করা।

পাইল্‌সের লক্ষণসমূহ

১। মলের সঙ্গে ব্যথাহীন তাজা রক্ত যাওয়া।
২। মলদ্বারে চুলকানি ও ব্যথা।
৩। মলদ্বারে কোনো মাংস পিণ্ড বের হয়েছে বলে মনে হওয়া।
৪। মলদ্বারের পাশে গুটির মতো (Lump) ফুলে ওঠা।

এসব লক্ষণসমূহ দেখা দিলে অবশ্যই একজন বিশেষজ্ঞ কলোরেক্টাল সার্জন কিংবা চিকিৎসকের শরণাপন্ন হতে হবে। চিকিৎসক মলদ্বার পরীক্ষা করে দেখবেন পাইল্‌স হয়েছে কিনা বা পায়ুপথের অন্য কোনো রোগ হয়েছে।

মনে রাখবেন কোনোভাবেই কোনো এরপর ৪৪ পৃষ্ঠায়

# 5SR Multiservices Inc

## মাল্টিসার্ভিস অফিস



### বাংলাদেশী আমেরিকান কমিউনিটির জন্য আমরা নিম্নলিখিত সার্ভিস সমূহ প্রদান করে থাকি

- মানি অর্ডার।
- ই-পাসপোর্ট এর জন্য আবেদন করা।
- ই-পাসপোর্ট এপ্লাই করার পর পাসপোর্টের স্ট্যাটাস/অবস্থান নিয়মিতভাবে আবেদনকারীকে অবহিত করা।
- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্য আবেদন করা।
- এনআইডি/ভোটার আইডি কার্ড আবেদন করা।
- জন্ম সনদের জন্য আবেদন পূণঃ মূদ্রণ/সঠিক তথ্য করা/পরিবর্তন আবেদন করা।
- পাওয়ার অব এ্যাটর্নি তৈরী করা।
- নো ভিসা ফরম পূরণ করা।
- দ্বৈত নাগরিকত্ব-এর জন্য আবেদন করা।
- তালাক নোটিশ তৈরী করা।

- এয়ার টিকেট।
- সকল প্রকার ইমিগ্রেশন ফাইল করা।
- ওয়ার্ক পারমিট রিনিউর আদেন করা।
- ক্যাশ এসিসটেন্স আবেদন করা।
- ফুড স্ট্যাম্প আবেদন করা।
- রেন্টাল এসিসটেন্স আবেদন করা।
- ট্যাক্স ফাইল।
- বাংলাদেশে ট্যাক্স রিটার্ন জমা দেয়া/ই-টিন করা।
- বাংলাদেশে বাড়ী/ফ্ল্যাটের বাৎসরিক পৌর কর জমা করা।
- EB-3 আবেদন প্রসেস করা।
- ভারতীয় ভিসার আবেদন করা।
- সৌদি ওমরাহ ভিসার আবেদন করা।

**Tel (917)-776-1235 646-461-0919**

বিশ্বস্ত সেবার অন্যতম
বাংলাদেশী প্রতিষ্ঠান

31-10 37th Avenue,
Suite- 206, (2nd Floor), NY 11101
Email: fivesrmultiservices@yahoo.com

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

# 347-659-8842

## 7 DAYS OPEN

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)





# অসুস্থতার দিনগুলোতে মুমিনের উপলব্ধি

জাওয়াদ তাহের

আল্লাহ তাআলা মানুষকে সৃষ্টি করেছেন, তিনি জীবন এবং মৃত্যু দান করেছেন মানুষকে পরীক্ষা করার জন্য। ভালো জিনিস দিয়ে যেমন পরীক্ষা করেন, আবার দুঃখ-কষ্ট দিয়েও তিনি পরীক্ষা করেন। আল্লাহ বলেন, 'জীবমাত্রকেই মৃত্যুর স্বাদ গ্রহণ করতে হবে। আমি পরীক্ষা করার জন্য তোমাদের মন্দ ও ভালোতে লিপ্ত করি এবং তোমাদের সবাইকে আমারই কাছে ফিরিয়ে আনা হবে।' *(সুরা : আম্বিয়া, আয়াত : ৩৫)*



তিনি আমাদের মাঝেমধ্যে বিভিন্ন ধরনের অসুস্থতা দ্বারা পরীক্ষা করে থাকেন। আমরা আমাদের অজ্ঞতাবশত অনেক সময় নানা মন্তব্য করে থাকি, বিরক্ত হয়ে অধৈর্য হয়ে যাই। বিভিন্ন ধরনের অভিযোগ করে আল্লাহ তাআলা থেকে নিরাশ হয়ে যাই। আর এই ফাঁকে শয়তান আমাদের নানাভাবে প্ররোচণা দিতে থাকে। আমাদের কৃতকর্ম স্মরণ করিয়ে দিয়ে সে আমাদের আল্লাহ থেকে নিরাশ করে দেয়। অথচ প্রকৃত মুমিন কখনো আল্লাহ তাআলা থেকে নিরাশ হতে পারে না। অসুস্থ অবস্থায় সে ধৈর্য ধারণ করবে। কারণ আল্লাহ তাআলা বান্দাকে তার কল্যাণের জন্যই ছোট-বড় বিভিন্ন মুসিবত দিয়ে থাকেন। এই অসুস্থতা কল্যাণের জন্যই।

আত্মাকে শোধন করার জন্য

অসুস্থতার মাধ্যমে আল্লাহ বান্দাকে পরিশোধন করে থাকেন। বান্দার যখন পাপ বেড়ে যায় আর তার পাপ মোচন করার জন্য সে কোনো আমল না করে তখন বান্দার কল্যাণের জন্যই আল্লাহ তাআলা তাকে ছোট ছোট মুসিবতে আক্রান্ত করেন। দুঃখ-কষ্ট দিয়ে, অসুস্থতা দিয়ে। এর মাধ্যমে দুনিয়ার ক্ষণিকের কষ্টের মাধ্যমে পরকালের নির্মল সুখ লাভ করবে। আবু সাইদ খুদরি (রা.) ও আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত, নবী (সা.) বলেছেন, মুসলিম ব্যক্তির ওপর যে কষ্ট-ক্লেশ, রোগ-ব্যাধি, উদ্বেগ-উৎকণ্ঠা, দুশ্চিন্তা, কষ্ট ও পেরেশানি আসে, এমনকি যে কাঁটা তার দেহে বিঁধে, এসবের মাধ্যমে আল্লাহ তার গুনাহ ক্ষমা করে দেন। *(সহিহ বুখারি, হাদিস : ৫৬৪২)*

এরপর ৩৬ পৃষ্ঠায়

# সংঘাত নিরসনে ধর্মীয় নির্দেশনা

মুফতি তাজুল ইসলাম কাউসার

এক মুসলমান আরেক মুসলমানের ভাই। এরপরও পৃথিবীতে দেখা যাচ্ছে মুসলমানের ভেতরে অথবা এক মুমিনের সঙ্গে আরেক মুমিনের ঝগড়া-বিবাদ, মনোমালিন্য, আদর্শের অমিল ছাড়াও অনেক মতবিরোধ দেখা দেয়। আবহমান কাল থেকে আজ পর্যন্ত এ অবস্থা আমরা অবলোকন করছি। এ সংঘাত নিরসনে যারা ভূমিকা পালন করবে তাদের মর্যাদা হবে নিয়মিত ছিয়াম পালনকারী ও রাত জাগরণকারী মুমিনের চেয়েও উত্তম। যেমন রাসুলুল্লাহ (সা.) বলেন-'আমি তোমাদের সিয়াম-সালাত ও সদকার চেয়েও উত্তম কোনো বিষয়ের খবর দিব কি? আর তা হলো- পারস্পরিক বিবাদ মীমাংসা করে দেওয়া। কেননা পরস্পরের বিবাদ দ্বীনকে ছাফকারী' *(আল হাদিস)*। পবিত্র কুরআনে ইরশাদ হয়েছে, তাদের বেশিরভাগ গোপন পরামর্শে কোনো কল্যাণ নেই। কিন্তু দান-সদকা, সৎ কাজ অথবা মানুষের মাঝে আপস করার নির্দেশ দেওয়ার মধ্যে কল্যাণ রয়েছে। আর যে আল্লাহর সন্তুষ্টি লাভের আশায় এ কাজ করবে আমি তাকে অতি শিগগির মহা প্রতিদান দান করব। *(সুরা : নিসা, আয়াত : ১১৪)*।

হজরত সাহল বিন সা'দ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন, কোবাবাসী বনু আমর বিন 'আওফ-এর (মুসলমানরা) পরস্পরে লড়াইয়ে লিপ্ত হলো। এক পর্যায়ে তারা পরস্পরের প্রতি পাথর নিক্ষেপ শুরু করল। খবর পেয়ে রাসূল (সা.) সবাইকে বললেন, তোমরা আমাদের সঙ্গে চল। আমরা তাদের মধ্যে সন্ধি করে দেব' *(বুখারি হা/২৬৯৩)*। অতঃপর তিনি গেলেন ও তাদের মধ্যে মীমাংসা করে দিলেন। অতঃপর ফিরে এলেন। তাতে সালাত

এরপর ৪২ পৃষ্ঠায়



# ইসলামের দৃষ্টিতে খেলাধুলা

মুফতি ইমামুদ্দীন সুলতান

ইসলাম একটি পূর্ণাঙ্গ জীবনব্যবস্থা। ইবাদত-বন্দেগির পাশাপাশি মানবজীবনের প্রতিটি অনুষঙ্গেই ইসলামের দিকনির্দেশনা রয়েছে। ইসলাম মানুষের মানসিক ও শারীরিক বিকাশ সাধনেও বেশ গুরুত্বারোপ করেছে। তাই শরীরচর্চা এবং আনন্দ ও চিত্তবিনোদনের জন্য ইসলাম শর্তসাপেক্ষে খেলাধুলার অনুমতি দিয়েছে। কারণ খেলাধুলাও ইসলামের মহৎ লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনে সহায়ক হয়। যেমন শরীরচর্চার মাধ্যমে ইসলামের জন্য জীবনবাজি রেখে জিহাদের প্রশিক্ষণের কাজ হয়। দেহে প্রফুল্লতার সঞ্চার হয় এবং প্রাণশক্তি বৃদ্ধি পায়। তাই স্বাস্থ্য সুরক্ষা, রণ-নৈপুণ্যের প্রয়োজনে তীর নিক্ষেপ, বর্শা চালনা, দৌড় প্রতিযোগিতা ইত্যাদিকে ইসলাম সমর্থন করে। হাদিসে বর্ণিত রয়েছে- প্রিয় নবী সাঃ বলেন, 'ঘোড়া অথবা তীর নিক্ষেপ কিংবা উটের প্রতিযোগিতা ছাড়া (ইসলামে) অন্য প্রতিযোগিতা নেই' *(তিরমিজি-৫৬৪)*। তিনি আরো বলেন, 'যে ব্যক্তি তীর চালনা শেখার পর তা ছেড়ে দেয় সে আমার দলভুক্ত নয়' *(মুসলিম-৭৬৬৮)*।

তাই আধুনিক এই যুগেও ফুকাহায়ে কেরাম কুরআন-হাদিসের আলোকে ওইসব খেলাকে জায়েজ বলেছে যেগুলোতে দ্বীনি বা দুনিয়াবি কোনো উপকারিতা রয়েছে। পাশাপাশি যেকোনো খেলা জায়েজ-নাজায়েজ হওয়ার জন্য

এরপর ২২ পৃষ্ঠায়

# ইসলামে সাম্প্রদায়িক সম্প্রীতি



মাহবুবুর রহমান

রাসূলুল্লাহ (সা.)-এর জীবনে রয়েছে সাম্প্রদায়িক সম্প্রীতির অনন্য সব দৃষ্টান্ত। মদিনায় হিজরতের পর তিনি একটি চুক্তি করেছিলেন যা 'মদিনা সনদ' নামে পরিচিত। এটি ছিল ইসলামের ইতিহাসে প্রথম লিখিত সংবিধান এবং এর অন্যতম বৈশিষ্ট্য ছিল মুসলিম ও অমুসলিম সম্প্রদায়ের মধ্যে শান্তি ও সম্প্রীতি রক্ষা করা।

মদিনা সনদ অনুযায়ী : ১. মুসলিম এবং ইহুদি সম্প্রদায় মদিনায় পরস্পর শান্তিপূর্ণ সহাবস্থানে থাকবে। ২. উভয় সম্প্রদায় নিজেদের ধর্ম পালনে স্বাধীন থাকবে। ৩. মদিনায় কেউ কাউকে আক্রমণ করবে না এবং বাইরের আক্রমণের ক্ষেত্রে সবাই মিলে প্রতিরোধ করবে। এটি সাম্প্রদায়িক সম্প্রীতির একটি মাইলফলক হিসাবে ইতিহাসে চিহ্নিত।

হাদিসে রাসূলুল্লাহ (সা.) বলেছেন, 'তোমরা সেই ব্যক্তি নও, যে অন্য ধর্মাবলম্বীদের প্রতি জুলুম করে, তাদের অধিকার হরণ করে বা তাদের প্রতি কঠোর হয়।' *(আবু দাউদ)*। এ হাদিসে স্পষ্টভাবে অন্য ধর্মাবলম্বীদের প্রতি সুবিচার এবং সম্মানের নির্দেশনা রয়েছে। রাসূলুল্লাহ (সা.) বলেছেন, প্রতিবেশীর অধিকার নিশ্চিত করা ঈমানের একটি অংশ। তিনি বলেন, 'আল্লাহর শপথ! সে ব্যক্তি মুমিন হতে পারে না, যার প্রতিবেশী তার অন্যায় বা ক্ষতির কারণে নিরাপদ নয়।' *(সহিহ বুখারি, ৬০১৬)*। এ হাদিসে প্রতিবেশীর অধিকার রক্ষার ওপর বিশেষ গুরুত্বারোপ করা হয়েছে, যা

এরপর ৩৯ পৃষ্ঠায়



# অর্থহীন বিতর্ক এড়িয়ে চলুন

মুফতি মেনক

আপনি যা করতে পারেন তা হলো বিতর্ক এড়ানো। যখন এটি মূল্যহীন এবং শত্রুতার দিকে নিয়ে যেতে পারে, তখন তর্ক করা থেকে দূরে থাকার জন্য আপনি যথাসাধ্য চেষ্টা করুন।

আপনি যা করেছেন, তা অন্যদের দেখানো বা স্মরণ করিয়ে দিয়ে আপনার ভালো কাজগুলোকে নষ্ট করবেন না। সর্বশক্তিমানের সন্তুষ্টের জন্য আন্তরিকভাবে ভালো কাজ করুন; কৃপণ হওয়া বা এটি আপনার সম্পদ হ্রাস করবে এমন ভয় না করে এটি করুন।

আর কোনো দাতব্য কাজকে কখনো ছোট করে দেখবেন না, তা যতই ছোট হোক না কেন।

কোনো সমস্যা নিয়ে আলোচনা করার সময় শুধু প্রতিক্রিয়া জানানোর পরিবর্তে বোঝার জন্যই তা শুনুন। প্রায়ই আমরা আমাদের পয়েন্টগুলো আলোচনার সঙ্গে জুড়ে দেওয়ার জন্য এতটাই তাড়ার মধ্যে পড়ে যাই যে কী বলা হচ্ছে তা আমরা শুনতে ভুলে যাই। ন্যায্য হন, শান্ত থাকুন এবং একে অপরের কথা শোনার ব্যাপারে প্রতিশ্রুতিবদ্ধ হোন।

আপনি কি শয়তানের কাজ বুঝতে পারেন? সে সর্বদা সেখানে থাকে, আপনাকে আক্রমণ করার জন্য আশপাশেই বিদ্যমান থাকে। তাকে জিততে দেবেন না! সুদৃঢ় ও শক্ত থাকুন। প্রার্থনা

এরপর ৪৪ পৃষ্ঠায়

## নামাজের সময় সূচি Prayer Times For New York City জানুয়ারি ২০২৫

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| ০৪ | ৫:৫৯ | ৭:২০ | ১২:০১ | ২:২৪ | ৪:৪২ | ০৬:০৪ |
| ০৫ | ৫:৫৯ | ৭:২০ | ১২:০২ | ২:২৫ | ৪:৪৩ | ০৬:০৫ |
| ০৬ | ৫:৫৯ | ৭:২০ | ১২:০২ | ২:২৬ | ৪:৪৪ | ০৬:০৬ |
| ০৭ | ৫:৫৯ | ৭:২০ | ১২:০২ | ২:২৭ | ৪:৪৫ | ০৬:০৬ |
| ০৮ | ৫:৫৯ | ৭:২০ | ১২:০৩ | ২:২৮ | ৪:৪৬ | ০৬:০৭ |
| ০৯ | ৫:৫৯ | ৭:২০ | ১২:০৩ | ২:২৮ | ৪:৪৭ | ০৬:০৮ |
| ১০ | ৫:৫৮ | ৭:১৯ | ১২:০৪ | ২:২৯ | ৪:৪৮ | ০৬:০৯ |

source: salahtimes.com


OPEN HOUSE
Saturday
12 PM - 2 PM
Dec 21, 2024
3 Beds, 2 Baths
Asking:$599,900
246 Main Street Hempstead, NY 11550
Sunday
12 PM - 2 PM
Dec 22, 2024
3 Beds, 2 Baths
Asking:$439,900
10 Branch Place Roosevelt, NY 11575
Saturday - Sunday
3 PM - 5 PM
Dec 21 & 22, 2024
3 Beds, 1 Baths
Asking:$689,950
557 Irving Place North Baldwin, NY 11510
FOR SALE
2 Family in Jamaica at 167 Street, Merrick Boulevard, 6 bedrooms, 3 bathrooms with finished basement and driveway, $950,000
150+ Bank Owned, Auction & Regular Houses for Sale
BUY SELL RENT ক্রয় বিক্রয় ভাড়া
KAMRUZ ZAMAN BACCU
Licensed RE Salesperson
347-465-3220
Email: kamruzbaccu1@gmail.com
ISLAND ADVANTAGE REALTY
233 Long Beach Road, Island Park
NY 11558, Tel: 516-368-8500



BUY - SALE - RENT

kw LANDMARK II
KELLERWILLIAMS REALTY

List your House with me
I will Sell within a short time
বাড়ী দ্রুত ক্রয়- বিক্রয় ও
ভাড়ার জন্য এখনই যোগাযোগ করুন



MOHAMMED SALIM
Licensed Real Estate Salesperson
(917) 691-7721
(347) 846-1200
EACH OFFICE IS INDEPENDENTLY OWNED AND OPERATED

75-35 31ST AVENUE, SUITE 202
JACKSON HEIGHTS, NY 11370
msalim@kw.com
msalim.kw.com



PROVIDENT REALTY

OPEN HOUSE:
Saturday and Sunday 12-2pm



188-49 Quencer Road,
Saint Albans,
NY 11412

$919,099

NEW LISTING!

- Fully renovated
- 5 bedrooms
- 4 bathrooms
- 2-car garage
- Transit-accessible
- Attic and basement



MONIRUZZAMAN MIAH
INVESTOR/SALESPERSON
Phone: (917) 302-5244
Bus: (718) 658-07700
Fax: (718) 701 5630
Email: mmiahny@gmail.com



GOLDEN AGE
HOME CARE
GOLDEN AGE HOME CARE
হোম
সর্বোচ্চ পেমে
আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি
প্রশিক্ষণ ছাড়াই ঘরে বসে আপনজনকে সেবা দিয়ে অর্থ উপার্জন করুন
বাড়ী ভাড়া বাবদ সরকার থেকে প্রতিমাসে ৮০০ ডলার পেতে সহায়তা করা হয়।
PCA
Please C
• Salary & Benefits
• Weekly Payments
• Direct Deposit
Shah
Presiden
646-5
আমাদের নিজস্ব PCA ও HHA ট্রেনি
JACKSON HTS OFFICE
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115
BRONX OFFICE
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834
HILLSIDE AVE. O
170-18A Hillsid
Jamaica, NY 1
Ph: 718-530-1
Fax: 917-396-
Email: info@goldenagehomecare.c


কেয়ার
ন্টের নিশ্চয়তা
A AND CDPAP SERVICE
সর্বাধিক জনপ্রিয়
ম হেল্‌থ কেয়ার এজেন্সী
ontact
Nawaz MBA
t & CEO
591-8396
Design by: ihopeprint.com, 929-538-7903
ং স্কুল আছে
FFICE
e Ave
1432
820
4115
BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115
We Hire And Train HHA/PCA Certificate Holder AIDES
আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি
om | www.goldenagehomecare.com


মিনা বাজার MINA BAZ
SUPERMARKET & FRESH ZABIHA HALAL MEAT • FISH • FRUITS &
7110 35th Ave, Jackson Heights, NY 11372
718-639
RUHU 3KG $14.99 EACH 2 FOR $25.00
RUHU 4KG $18.99 EACH
MRIGAL 3KG $19.99 EACH
MRIGAL 4KG $26.99 EACH
PUNGASH 2KG $3.49 LB
KATLA 4KG $2.99 LB
KATLA 5KG $3.29 LB
MAGUR $3.99 LB
MAZOLA OIL Veg. & Canola $10.99 96 OZ
MAZOLA Corn Oil $14.99 LB
MILK REGULAR $3.99 EACH
KACHUR LATI 3 FOR $5.00
NAWBAB Parboiled Basmati Rice $17.99 20 LB
MASOOR DAL $4.99 4 LB
MINA BAZAAR
GOLDEN TEMPLE ATTA $14.99 20 LB
RED COW Full Cream Milk Powder $22.99 2.5 KG
RESHME Parboiled Basmati Rice $20.99 20 LB
3 KHAN'S Extra Long Grain Parboiled Rice $19.99 20 LB
KRISHAK Parboiled Basmati Rice $18.99 20 LB
CANADIAN ONION $4.99 10 LB


ZAAR
HALAL MONITORING SERVICES
HMS HALAL
CERTIFIED AND MONITORED
& VEGETABLES
-6462
WINTER Special Sale
DEC. 13, 2024 - MAR 31, 2025
বিশেষ মূল্যহ্রাস
KORAL 6KG
$5.49
LB
KORAL 1KG
$3.99
LB
SHOLE 1KG UP
$4.49
LB
KASKI 3 FOR
$3.99
SHARPUTI
$2.49
LB
HILSHA 3FOR
$24.99
PACK
HILSHA
$20.99 1000 - 1200
EACH
1200 - 1500 UP
$9.99 LB
CARNATION MILK $1.49
EACH
MAGNOLIA MILK
$1.49
EACH
Kawan PARATHA
$8.49
EACH
Jhatpot PARATHA
$5.99
EACH
Plain Paratha
Nawbab PARATHA
$5.99
EACH
PLAIN PARATHA
প্লেইন পরোটা
DELTA RICE
$33.99
50 LB
RICE
VEG. OIL
$29.99
32.5 LB
SWAD
VEGETABLE OIL
CANOLA OIL
$29.99
32.5 LB
SWAD
CANOLA OIL
CORN OIL
$35.99
32.5 LB
SWAD
CORN OIL
SAFI
Special Basmati Rice
$22.99
20 LB
SAFI
SHAHI
Chinigura Rice
$14.99
10 LB
LAXMI
Mustard Oil
$14.99
5 LB
WAGH BAKRI
Premium Tea
$9.49
2 LB
WAGH BAKRI
PREMIUM TOWEL
Kirkland Signature
$23.99
Towel



# নিউইয়র্কে নতুন সংগঠন চিটাগং রাইজিং স্টার

৩ পৃষ্ঠার পর

হক, হাসান চৌধুরী, হাজী শফি, আহসান হাবিব, মাকসুদুল হক চৌধুরী ও মহিউদ্দিন চৌধুরী খোকন প্রমুখ। তারা সংগঠনের সবাইকে শুভেচ্ছা ও সংগঠনের সুন্দর ভবিষ্যৎ কামনা করেন।

অনুষ্ঠানে সংগঠনের আহ্বায়ক কমিটির সদস্যদের ফুল দিয়ে বরণ করে নেন সদস্যরা। অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন থেকে তেলোয়াত করেন সাফা ইয়ানা। এর পর বাংলাদেশ ও মার্কিন যুক্তরাষ্ট্রের জাতীয় সংগীত পরিবেশনা করা হয়। সংগঠনের আহবায়ক মীর কাদের রাসেল সংগঠনের ভবিষ্যৎ পরিকল্পনা এবং আগামী এক বছরের কর্মসূচি উপস্থাপন করেন। তিনি বলেন, এটি সম্পূর্ন অরাজনৈতিক সংগঠন, প্রিয় জন্মভূমি বাংলাদেশে মানবিক সাহায্য সহযোগিতা এবং নিউইয়র্ক এর তরুন প্রজন্ম কে বিভিন্ন ধরনের খেলাধুলাতে উৎসাহিত করার লক্ষ্য নিয়ে সিআরএস'র জন্ম। সংগঠনের অন্যতম সদস্য মোস্তাফিজ মিজান তার সমাপনী বক্তব্যে অনুষ্ঠানের সহযোগিদের ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান।

বিশিষ্ট শিল্পী আফরোজ জনি এবং নান্নু আখন্দ গান পরিবেশনার মাধ্যমে উপস্থিত সকলের সাথে আনন্দ ভাগাভাগি করেন। অনুষ্ঠানে সার্বিক সহযোগিতা করেন আহ্বায়ক কমিটির সদস্য সরওয়ার আলম, আব্দুল হালিম মেসবাহ, ইকবাল হোসেন ভুইয়া, মোহাম্মদ জে আবেদীন, মোহাম্মদ নুরুন উদ্দিন, রবিউল চৌধুরী, মোহাম্মদ ফরহাদ, হারুন অর রশিদ, জাবেদ হোসেন, মোহাম্মদ শাহ নুর আলী, নুর উদ্দিন, হারুন মিয়া, মোহাম্মদ আজম, ইফতেখার আলম অভি, আব্দুল আজিজ ইমন, মোহাম্মদ ইয়াসিন। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন সাধন কর, আব্দুল হামিদ, মোহাম্মদ হিরু, মোহাম্মদ দিদার, মাসুদ হোসেন সিরাজী, আইয়ুব আনছারী, মোহাম্মদ ইকবাল হোসেন, ফারহানা আক্তার, মোহাম্মদ এনাম, মোহাম্মদ সাদের, মোহাম্মদ হোসেন, মোহাম্মদ আরমান, আরিফ, মাহিন, ওয়াহিদ, তুহিন, মোহাম্মদ আলমগীর সহ আরো অনেকে।


# বিশ্বের জনসংখ্যা ৮০৯ কোটি

৩ পৃষ্ঠার পর

ব্যুরো জানিয়েছে, শতকরা হিসেবে ২০২৪ সালে বিশ্বের জনসংখ্যা বেড়েছে দশমিক ৮৯ শতাংশ। বিগত ২০২৩ সালের তুলনায় ২০২৪ সালে বিশ্বজুড়ে জন্মহার ছিল কম। এর আগে ২০২৩ সালে বেড়েছিল ৭ কোটি ৫০ লাখেরও বেশি মানুষ। বর্তমানে জন্মহার এবং মৃত্যুহারের চিত্র অনুসারে ২০২৫ সালের প্রতি সেকেন্ড গড়ে ৪ দশমিক ২ নবজাতক জন্ম নেবে এবং ২ জনের মৃত্যু ঘটবে বলে আশঙ্কা করা হচ্ছে। তবে এই হিসাবে তারতম্যও হতে পারে। কারণ জনসংখ্যা বিষয়ক বিভিন্ন বৈশ্বিক জরিপ বলছে বছরের ১২ মাসের প্রতিটিতে বৈশ্বিক জন্মহার ও মৃত্যুহারের চিত্র বদলে যায়।

বাড়ী ক্রয়ের এখনই সঠিক সময়!
SELL YOUR PROPERTY FASTER WITH TOP $$$
Resdential, Commercial, Foreclosure HUD Sale, Short Sale Specialist.
20 Years Experience
BUY - SELL - RENT
আপনার বাড়ীর Free Market Analysis and Consultation এর জন্য যোগাযোগ করুনঃ
মোহাম্মদ সেলিম রেজা
Lic. Real Estate Sales Person
আমরা বাংলায় কথা বলি
ফোনঃ 929-393-7331
Mohammad Salim Reza (MBA)
NYC Licensed Realtor, Professional/ Couteous!
Tel. 929-393-7331
Email: mrezarealtor@gmail.com
EXIT REALTY PRIME
189-10 Hillside Ave, Suite E, Queens, NY 11423
Office: 718-262-0205, Fax: 718-262-0254





VISA VISA VISA VISA VISA VISA VISA VISA VISA
• Canada Visa Processing
• UK Visa Processing
• USA Visa Processing
• India Visa Processing
• Dubai Visa Processing
• Saudia Visa Processing
• Australia Visa Processing
• Thailand Visa Processing
• Schengen Visa Processing
• সৌদি ১০ বছরের মাল্টিপল এন্ট্রি ভিসা
আমরা বিশ্বের যে কোন দেশের ভিসা এপ্লিকৈশন প্রসেস করি
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
Phone: 917-396-4140, 917-592-7828
7305 37th Road, Jackson Heights, NY 11372
* Visa Issued by Consulate General
VISA VISA VISA VISA VISA VISA VISA VISA VISA






বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
আমরা বিশ্বের যে কোন দেশের ভিসা প্রসেস করি
সৌদি আরবের ১০ বছরের মাল্টিপল এন্ট্রি ভিসা
ইন্ডিয়া মাল্টিপল / মেডিকেল ভিসা
১০ বছরের কানাডিয়ান মাল্টিপল ভিসা
USA 5 YEARS MULTIPLE TOURIST VISA
দ্রুত ভিসা প্রসেস করার জন্য আমাদের সাথে যোগাযোগ করুন
SCHENGEN TOURIST VISA
এক ভিসাতে ভ্রমণ হবে ২৭টি দেশ
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
BANGLA TRAVELS JACKSON HEIGHTS, NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
*Visa Issued by Consulate General
NEW YORK OFFICE
7305 37TH ROAD, JACKSON HEIGHTS
NY 11372. কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়
PHONE : 917-396-4140, 917-592-7828
E-MAIL : digitalonetravel@gmail.com
www.digitalonetravel.com
DHAKA OFFICE
NAGAR SHEFALI, FLOOR # 03, HOUSE # 09
ROAD # 17, BLOCK-E, BANANI, DHAKA-1213
PHONE : +88 01711256871, +88 01711256872
E-MAIL : digitalonetravel@gmail.com
www.banglatravel.net


BUY - SALE - RENT
kw LANDMARK II
KELLERWILLIAMS REALTY
List your House with me
I will Sell within a short time
বাড়ী দ্রুত ক্রয়- বিক্রয় ও
ভাড়ার জন্য এখনই যোগাযোগ করুন
REHENA AKTER
Licensed Real Estate Salesperson
(646) 724-5933
(347) 846-1200
akter@kw.com
akter.kw.com
75-35 31ST AVENUE, SUITE 202
JACKSON HEIGHTS, NY 11370
EACH OFFICE IS INDEPENDENTLY OWNED AND OPERATED

نُسُك
nusuk

إثراء الخير
ITHRAA ALKHAIR

ZAM ZAM TRAVEL US

رواف منى لخدمات الحجاج
Rawaf Mina for Pilgrims Services

وزارة الحج والعمرة
MINISTRY OF HAJJ AND UMRAH



# HAJJ REGISTRATION IS OPEN

## FOR US PASSPORT AND GREENCARD HOLDERS

**ZAM ZAM TRAVEL US** in a Partnership with
**ITHRAA ALKHAIR & RAWAF MINA**

## Our Services

- **Flight Ticket**
- **Visa Processing**
- **Hajj & Umrah Service Provider**

আমরা সারা বছর
আপনাদের চাহিদা অনুযায়ী
উমরাহ প্যাকেজ করে থাকি

zamzamtravelus

www.zamzamtravelus.com

+1 (718) 395-9697 zamzamtravelus@gmail.com

37-15 73 Street (Suite-207), Jackson Heights, NY-11372




## আমেরিকা-বাংলাদেশ প্রেসক্লাব'র নতুন বছরকে স্বাগত

৬২ পৃষ্ঠার পর

নিয়েছে। নিউইয়র্ক এর জ্যাকসন হাইটস্ এর একটি স্থানীয় রেস্তোরায় ৩১ ডিসেম্বর রাত ১২ টায় কেক কেটে, বেলুন ফাটিয়ে ২০২৫ কে বরণ করে নেয়া হয়। পুরো অনুষ্ঠান পরিকল্পনা ও সাজ-সজ্জায় ছিলেন ক্লাবের অর্থ সম্পাদক মল্লিকা খান মুনা, কার্যকরি কমিটির সদস্য তোফাজ্জল লিটন ও সদস্য সীমা সুমিতা। অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন বিদায়ী কমিটির সভাপতি মোহাম্মদ সাঈদ, নতুন কমিটির সভাপতি শওকত ওসমান রচি, সাবেক সভাপতি দর্পণ কবীর, বিদায়ী সাধারণ সম্পাদক মঞ্জুরুল হক মঞ্জু ও নতুন কমিটির সাধারণ সম্পাদক মশিউর রহমান মজুমদার। অনুষ্ঠান উপস্থাপনা করেন আরিফ রহমান অনুষ্ঠানে ছিল পুরস্কার বিতরণ ও দম্পতিদের মধ্যে ধাঁধা প্রতিযোগিতা।

এছাড়া বিদায়ী কমিটির সভাপতিকে ফুলের তোড়া দিয়ে শুভেচ্ছা জানান নির্বাচিত নতুন সভাপতি শওকত ওসমান রচি। অনুষ্ঠানে মূল আকর্ষন ছিল কন্ঠশিল্পী শাহ মাহবুব ও কৃষ্ণা তিথির অনবদ্য সঙ্গীত পরিবেশনা। তাদের সঙ্গীত পরিবেশনের সময় ক্লাব কর্মকর্তা ও সদস্যরা।

## ইসলামে সাম্প্রদায়িক সম্প্রীতি

২৫ পৃষ্ঠার পর

সাম্প্রদায়িক সম্প্রীতির অন্যতম মূলনীতি। ইসলাম যুদ্ধ বা হিংসার পরিবর্তে শান্তি ও সংলাপের ওপর গুরুত্ব দেয়। যুদ্ধের সময়ও ইসলাম শত্রুপক্ষের ধর্মীয় উপাসনালয় ও নিরপরাধ ব্যক্তিদের রক্ষা করার নির্দেশ দেয়। রাসুলুল্লাহ (সা.) যুদ্ধের জন্য সাহাবাদের প্রেরণ করার সময় বলতেন, 'কোনো নারী, শিশু, বৃদ্ধ বা ধর্মীয় ব্যক্তিকে হত্যা করবে না। উপাসনালয় ধ্বংস করবে না।' - (মুসলিম শরিফ)

বর্তমান বিশ্বে সাম্প্রদায়িক বিরোধ একটি বড় চ্যালেঞ্জ। ধর্মের নামে হিংসা এবং বিভাজনের ঘটনা বাড়ছে। কিন্তু ইসলামের শিক্ষা এসব হিংসার বিপরীতে শান্তি এবং সহযোগিতার আদর্শকে তুলে ধরে। বিশ্বায়নের যুগে, যেখানে ভিন্ন ধর্ম, সংস্কৃতি এবং জাতির মানুষের মধ্যে মিথস্ক্রিয়া বৃদ্ধি পেয়েছে, সাম্প্রদায়িক সম্প্রীতির গুরুত্ব আরও বেড়েছে। ইসলাম শিক্ষা দেয় কিভাবে বিভিন্ন ধর্ম ও সংস্কৃতির মানুষ পরস্পর সম্মানের সঙ্গে সহাবস্থান করতে পারে। ইসলামের মূলভিত্তি হলো তাওহিদ বা একত্ববাদ, যা মানুষের মধ্যে ভেদাভেদ দূর করে এক আল্লাহর প্রতি বিশ্বাসে ঐক্যবদ্ধ হতে উৎসাহিত করে। এটি মানবজাতির জন্য একটি ন্যায়ভিত্তিক সমাজব্যবস্থা প্রতিষ্ঠার আহ্বান জানায়। সাম্প্রদায়িক সম্প্রীতির মূল মন্ত্র হলো আল্লাহর সৃষ্টি হিসাবে মানুষকে ভালোবাসা এবং তাদের প্রতি দয়া প্রদর্শন করা। কুরআনে উল্লেখিত একটি গুরুত্বপূর্ণ আয়াতে বলা হয়েছে, 'ধর্মের ব্যাপারে কোনো জবরদস্তি নেই। সঠিক পথ ভ্রান্ত পথ থেকে পৃথক হয়ে গেছে।' (সূরা আল-বাকারা, ২:২৫৬) এ আয়াত স্পষ্টভাবে জানিয়ে দেয় যে, ইসলাম ধর্মবিশ্বাসের ক্ষেত্রে বাধ্যবাধকতাকে সমর্থন করে না। এটি ব্যক্তির স্বাধীনতাকে স্বীকৃতি দেয় এবং অন্যের বিশ্বাসকে সম্মান করতে বলে। ইসলাম শুধু মুসলমানদের জন্য নয় বরং সমগ্র মানবজাতির জন্য একটি সার্বজনীন বার্তা। এটি পৃথিবীর প্রতিটি ধর্মের প্রতি সহনশীল এবং সহমর্মী আচরণের নির্দেশনা প্রদান করে। 'তোমাদের ধর্ম তোমাদের জন্য, আমার ধর্ম আমার জন্য।' (সূরা আল-কাফিরুন, ১০৯:৬) এ আয়াতটি ইসলামের সহিষ্ণুতার মূলনীতিগুলোর একটি। এটি প্রমাণ করে যে, ইসলাম ভিন্ন ধর্মের অস্তিত্বকে স্বীকৃতি দেয় এবং কোনো ধরনের বৈরিতা বা শত্রুতাকে সমর্থন করে না। ইসলামের নবি মুহাম্মদ (সা.) বলেছেন, 'যে ব্যক্তি অমুসলিম নাগরিকের (যাকে জিম্মি বলা হয়) প্রতি অন্যায় করে বা তার অধিকার হরণ করে, কিয়ামতের দিন আমি তার বিরুদ্ধে সাক্ষী দেব।' (আবু দাউদ) এখানে অন্য ধর্মাবলম্বীদের সুরক্ষার প্রতি রাসুলুল্লাহ (সা.)-এর কঠোর মনোভাবের পরিচয় পাওয়া যায়। এটি দেখায় যে, ইসলাম শুধু মুসলিমদের জন্য নয়, বরং সমগ্র মানবজাতির জন্য ন্যায়বিচার এবং শান্তির বার্তা বহন করে। ইসলামের ইতিহাসে সাম্প্রদায়িক সম্প্রীতির অসংখ্য দৃষ্টান্ত রয়েছে। বিশেষত, রাসুলুল্লাহ (সা.)-এর জীবন থেকে আমরা বহু শিক্ষা নিতে পারি।

মদিনা সনদ : মদিনায় ইসলামি রাষ্ট্র প্রতিষ্ঠার সময়, রাসুলুল্লাহ (সা.) ইহুদি, খ্রিষ্টান এবং মুশরিকদের সঙ্গে একটি সংবিধান প্রণয়ন করেছিলেন। এটি ছিল একটি শান্তিপূর্ণ সহাবস্থানের ভিত্তি। মদিনা সনদের গুরুত্বপূর্ণ শর্তগুলো হলো-প্রত্যেক সম্প্রদায় তাদের ধর্ম পালনে স্বাধীন থাকবে। মদিনায় বসবাসকারী সবাই একে অপরের প্রতি সহযোগিতা করবে। বাইরের আক্রমণের ক্ষেত্রে সবাই মিলে মদিনার সুরক্ষা নিশ্চিত করবে।

খলিফা ওমর (রা.)-এর সময় : খলিফা ওমর (রা.) যখন জেরুজালেম জয় করেন, তখন তিনি খ্রিষ্টানদের ধর্মীয় স্বাধীনতা নিশ্চিত করেন। তিনি তাদের উপাসনালয় রক্ষা করেন এবং সুরক্ষার প্রতিশ্রুতি দেন। তার সময়ে কোনো উপাসনালয় ভাঙা হয়নি বা কোনো ধর্মীয় বৈষম্য সৃষ্টি হয়নি।

স্পেনে মুসলিম শাসন : স্পেনের মুসলিম শাসনকালে (৭১১-১৪৯২), মুসলিম, খ্রিষ্টান এবং ইহুদিরা একসঙ্গে শান্তিপূর্ণভাবে সহাবস্থান করত। এ সময়কালে বিজ্ঞান, সংস্কৃতি এবং শিল্পকলায় ব্যাপক উন্নতি হয়েছিল। এ যুগ 'আল আন্দালুসের স্বর্ণযুগ' নামে পরিচিত। যদিও ইসলাম সাম্প্রদায়িক সম্প্রীতির ওপর জোর দেয়, তবে বাস্তবজীবনে কিছু চ্যালেঞ্জ বিদ্যমান। এর মধ্যে রয়েছে-ধর্মের নামে উগ্রবাদ এবং হিংসা। সামাজিক বিভাজন এবং কুসংস্কার। রাজনৈতিক স্বার্থের কারণে সাম্প্রদায়িক উত্তেজনা সৃষ্টি। এ চ্যালেঞ্জগুলো মোকাবিলার জন্য ইসলামের নৈতিক শিক্ষাগুলোকে সমাজে প্রয়োগ করা জরুরি। যেমন-

ইসলামের প্রকৃত শিক্ষা প্রচার : সাম্প্রদায়িক সম্প্রীতি প্রতিষ্ঠার জন্য কুরআন এবং হাদিসের শিক্ষা সম্পর্কে সঠিক ধারণা সমাজে প্রচার করতে হবে।

সংলাপের আয়োজন : বিভিন্ন ধর্ম এবং সম্প্রদায়ের মধ্যে সংলাপ এবং আলোচনা আয়োজন করে পারস্পরিক বোঝাপড়া বাড়াতে হবে।

ন্যায়বিচার নিশ্চিত করা : সমাজের প্রতিটি স্তরে ন্যায়বিচার নিশ্চিত করতে হবে, যাতে কোনো সম্প্রদায় বৈষম্যের শিকার না হয়।

শিক্ষার মাধ্যমে সচেতনতা বৃদ্ধি : ধর্মীয় সহিষ্ণুতা এবং সম্প্রীতির শিক্ষা ছোটবেলা থেকেই প্রদান করা জরুরি।



# আপনি কি সহজে ড্রাইভিং লাইসেন্স পেতে চান?

আমরা আপনাকে সহজে ড্রাইভিং লাইসেন্স পাওয়ার নিশ্চয়তা দিচ্ছি।
আমাদের দক্ষ ছেলে / মেয়ে ইনস্ট্রাকটার আপনাকে যত্নসহকারে নিখুঁতভাবে তৈরী করবে।



**BEGINNER'S DRIVING ACADEMY**

**Please Call**

**(929) 244 7730**

129-20 Liberty Avenue
South Richmond Hill, NY 11419

71-16 35th Avenue
Jackson Heights, NY 11372







# অর্থহীন বিতর্ক এড়িয়ে চলুন

২৫ পৃষ্ঠার পর

দিয়েই দাঁড়িয়ে ফিরুন। আপনার বিশ্বাসের সঙ্গে অবিচ্ছিন্ন থাকুন। কী করা দরকার সে সম্পর্কে পুরোপুরি নিশ্চিত হন। সর্বদা সর্বশক্তিমান আল্লাহর সাহায্য প্রার্থনা করুন। তিনি আপনাকে গাইড করবেন।

হতাশা, বিপর্যয়, পরাজয় সবই অস্থায়ী। আপনাকে শক্তিমান করার জন্য সর্বশক্তিমান এগুলো আপনার পথে নিয়ে আসেন। আপনি কিভাবে এতে প্রতিক্রিয়া জানান এবং কিভাবে এতে সাড়া দেন, তা আপনার সাহস প্রদর্শন করবে। আপনি কী ধরনের ব্যক্তি, তা দেখাবে। চলতে থাকুন। হাল ছেড়ে দেবেন না। হাল ছেড়ে দিলে সেটাই চিরস্থায়ী হয়ে যায়।

হতাশাকে বিদায় জানান, যে কাজ করেননি তার কথা ভুলে যান, নেতিবাচকতা ছেড়ে দিন। গতকালের যা কিছু, সেসবকে তার মতো যেতে দিন। কেউ আপনাকে বলা কথায় আঘাত পেলে সেটাকেও উপেক্ষা করুন। আপনার মনকে সঠিক পথে এগিয়ে নিয়ে যান। সর্বশক্তিমান আল্লাহর কাছ থেকে নির্দেশনা চান। আপনার হৃদয়ে শান্তির রাজত্ব কায়েম হতে দিন।

# পাইলস হলে অবহেলা নয়, সুচিকিৎসা নিন

২০ পৃষ্ঠার পর

কবিরাজ, হাতুড়ে চিকিৎসক কিংবা লোভনীয় বিজ্ঞাপনের ফাঁদে পড়ে অপচিকিৎসা নেওয়া যাবে না। দেখা যায় অপচিকিৎসায় পাইলস জটিল হয়ে উল্টো মলদ্বারে ক্যান্সার হতে পারে।

পাইলসের চিকিৎসা : পাইলস যদি শুরুর দিকেই নির্ণয় করা যায় তাহলে অপারেশন ছাড়াই ওষুধের মাধ্যমেই আরোগ্য লাভ করা সম্ভব। কিন্তু লক্ষণ লুকিয়ে, রোগ পুষে রেখে দেরিতে ডাক্তারের শরণাপন্ন হলে অনেক সময়ই অপারেশন ব্যতীত অন্য কোনো রাস্তা খোলা থাকে না। তাই মলদ্বারের রোগ নিয়ে অবহেলা করবেন না।

